কিন্তু পেনসার্ট লিখেছেন—সাধারণের কপালে বেশী কিছু জুটত না। কাঁচা ডালের খিচুড়ী আর ঘি—এই তাদের রোজকার রাত্রেই বাঁধা বরাদ্দ। দিনটা তারা একমুঠো ভাজা ডাল কি ঐ রকম কিছু খেয়েই কাটাত। মাংস তারা চোখেও দেখত না। এ বর্ণনা বোধ হয় সহরের দরিদ্রতম বাসিন্দাদের সম্বন্ধে প্রযোজ্য। কারণ পেনসার্ট নিজেই এক জায়গায় বলেছেন—বাজারে কদিন মাংসবিক্রী নিষিদ্ধ হওয়ার সাধারণের ভারী অসুবিধা হ'ত। ছত্ৰী আর রাজপুতদের মাংস খাওয়ার কথাও তিনিই লিখেছেন। তাছাড়া সহরের দিনমজুরদের দৈনিক মজুরী ৩ দামের নীচে কমই নামত। বাদশাহী দপ্তরগুলিতে আহাদি-দের মাসিক বেতন ছিল ১০০—৪০০ দাম। কৃষকদের আয়ও সাধারণতঃ বোধ হয় এই পরিমাণই হত। তাই সে যুগের দামের ফর্দ দেখলে সাধারণের খাওয়াটা আর একটু ভাল হওয়াই স্বাভাবিক মনে হয়। খিচুড়ী, রুটি কি ভাতের সঙ্গে মুসলমান, ছত্ৰী আর রাজপুতেরা নিশ্চয়ই মাংস জুড়ে দিতেন। গরীব হিন্দুরা কি আর 'অল্পের' সঙ্গে শাকটুকুও খেতেন না? 'কলাটা মূল্যটা'ও নিশ্চয়ই আসত। যাদের আর কিছু বেশী তাঁরা শালগম, গাজর, বাঁধাকপি প্রভৃতি সৌখিন তরকারীও হয়ত এক আধটু গ্রহণ করতেন। সস্তায় নানারকম শিরকা এবং আম, লেবু, আদা, শালগম, গাজর, বাঁশগাছ প্রভৃতির আচার পাওয়া যেত। রসনার রসবৃদ্ধির কাজে এদেরও নিশ্চয় আমন্ত্রণ থাকত। তার উপর দুগ্ধ এবং দুগ্ধজাতরা ছিল। টেরী-বর্ণিত চালের পিঠাও নিতান্ত দুশ্লীল্য হবার কথা নয়। সম্পদ সম্বন্ধে জন্মদোষে মাংসটা যাদের নাগালের বাইরে তাদের পানভোজনে এসবের আমদানী নিশ্চয়ই কিছুটা বেশীই হত।

এ ছাড়া ফল জিনিষটা ইতর-ভদ্র সকলেরই ভোজনের আনন্দ বর্ধন করত। দেশী

* ৪০ দাম = ১৩৯ বা টাকা

ফলগুলিকে স্বাদ হিসাবে আবুলফজল তিন ভাগে ভাগ করেছেন। মিঠা ফলের কর্দ্দে আম, আনারস, কমলা, কাঁটাল, আখ, কলা, তরমুজ, প্রভৃতি উৎকৃষ্ট এবং ডুমুর, মহুয়া, দেশী খেজুর, ভোলসারি প্রভৃতি নিকৃষ্ট ফলের নাম পাওয়া যায়। টক ফলের মধ্যে লেবু আর একটু কাঁকাল ফলের মধ্যে কামরাঙা, নারায়ী, ফলসা প্রভৃতির নাম করা যেতে পারে। এ ছাড়া নারকেল, স্থপারী প্রভৃতি শুকনা ফল পাওয়া যেত। এ সবগুলিই বেশ সস্তা এবং সেই কারণে সাধারণের নাগালের মধ্যে ছিল মনে হয়। আম, আনারস, কমলা বাদশাদেরও মুখে রুচত। বিশেষ করে জাহাঙ্গীরত এদের প্রশংসার পঞ্চমুখ। মোগল বাদশাদের উৎসাহে ইরাণ তুরাণ থেকে অনেক বিশেষজ্ঞ এসে হিন্দুস্থানে ফুট, তরমুজ, বাদাম, পেস্তা, আঁড়ুর, বেদানা প্রভৃতি নানা ফলের চাষ করেন। শেষে আঁড়ুর প্রভৃতি কয়েকটি বিদেশী ফল এত বেশী পাওয়া যেত যে সাধারণ লোকও দস্তার সেগুলি কিনতে পারত। এ ছাড়া কাবুল, কান্দাহার, কাশ্মীর থেকে আসত চেরী, বেদানা, আপেল, পিয়ার, পীচ, এপ্রিকট। সমরকন্দ থেকে আসত পিয়ার আর আপেল। খেজুর, কিসমিস, মনকা, বাদাম, পেস্তা, খুবাগী, আখরোট প্রভৃতি নানা জাতের তুরানী ফলও আমদানী হ'ত। এসব ফল বেশ রসিয়েই খাওয়া হত। বাদশাহী ভাঁড়ারে গুণাগুণ হিসাব করে ফলের গায়ে চিহ্ন দিয়ে রাখা হ'ত। আপেল, কিসমিস, মনকা, পীচ, আলুবখরার চাটনীও বেশ চলত। ফলের কর্দ্দে আবুলফজল পানকেও টেনেছেন। জিনিষটা খুব বেশীই চলত মনে হয়। স্থরট বন্দরে নেমে মান্ধুটী প্রথমে ভাবেন যে দেশভুক্ত লোক কোনও সাম্রাজ্যিক ব্যাধিতে ভুগছে; নয় ত সবাই মুখ থেকে বারবার খালি রক্ত ফেলছে কেন।

পানের পর পানীয়ের কথাটা স্বভাবতঃই ওঠে। জলপানটাকে বেশ তৃপ্তিকর করার জন্ত বাদশারা যথেষ্ট মেহনৎ করতেন। এ জন্ত আবদারখানা বলে একটা আলাদা দপ্তর ছিল। আকবরের জন্ত সীলমোহর দেওয়া ভাঁড়ে গঙ্গাজল আনান হ'ত। এই গরমের দেশে মান্ধুটীর ঠাণ্ডাজল খাওয়ার দিকে একটা স্বাভাবিক ঝোঁক ছিল। জল সোরায বসিয়ে এক বিশেষ কারদার এই উদ্দেশ্য সিদ্ধির চেষ্টা হ'ত। তাছাড়া পেয়াদার কাঁধে, গাড়ীতে আর নৌকা করে পাঞ্জাবের পাহাড় থেকে কাটা বরফ আসত। গরমের দিনে সবার কপালেই জিনিসটা জুটত আর ওমরাহরা সারা বছরই খেতেন। সে যুগে অন্ততঃ কিছু লোকের স্বাস্থ্যনীতি সম্বন্ধে খেয়াল ছিল মনে হয়। কারণ কাশ্মীর সহরে ভাল জল পাওয়া যেত না বলে জলটা সবাই ফুটয়ে খেত। মুখ-রোচক পানীয়ের মধ্যে সবচেয়ে—বিশেষ করে লেবুর—বাদশাদের বেশ প্রিয় ছিল মনে হয়। জিনিষটা সস্তা। স্থতরাং সম্ভবতঃ সাধারণের কপালেও জুটত। ধনীরা নানারকম ফলের রস খেতেন। দুধ খোল বোধ হয় সব শ্রেণীতেই কিছুটা চলত। আর ইসলামী

মতে মদের সঙ্গে চিনি বা লুন মিশিয়ে ‘শিরকা’ বা ‘ভিনিগার’ বানিয়েও সেবন করা হ’ত।

তবে স্মৃতির ব্যাপারে ইসলামী অলুশাসনকে সর্বদা প্রামাণ্য ধরা হত না। মুশকিলের সময় আসানের সন্ধানে মোগল বাদশারা মাঝে মাঝে সব ‘হারাম’ জিনিষ সপারিষদ ‘তৌবা’ করতেন বটে, কিন্তু ওটা সেই ধরনের ব্যতিক্রম যা সাধারণ নিয়মের সত্যতা প্রমাণ করে। জাহাঙ্গীরের দৃষ্টান্তটা চরম। অল্প বয়সে তিনি দুইবার পরিশোধিত সুরা বিশ পেয়ালা করে পান করতেন। পরে কিছুটা কমিয়েছিলেন। আমীর ওমরাহদের মধ্যে জিনিষটা যথেষ্ট চলত। এমন কি মহিলারাও বেশ একটু আসক্ত ছিলেন শোনা যায়। উপরের শ্রেণীতে আঙ্গুর, খেজুর, আম প্রভৃতির রসে তৈরী মদ প্রচলিত ছিল। জনসাধারণ এ বিষয়ে একটু বেরসিকই ছিল বলতে হবে। সন্ধানীরা সম্ভবতঃ তাড়ি, ধেনোতেই তৃপ্ত থাকতেন। শেবোক্তদের আসক্তির মধ্যে ভাঙের নামও উল্লেখযোগ্য। আকবর এবং জাহাঙ্গীর এগুলি বন্ধ করার একটা চেষ্টা করেছিলেন। এ ছাড়া আফিং রাজপুতদের বিশেষ প্রিয় ছিল। মোগল ইতিহাসে জিনিসটা হুমায়ূনের নামের সঙ্গে অঙ্গীভাবে জড়িত।

খানাপিনার ব্যাপারে সে যুগে আদব কারদার দিকে লোকের বিশেষ নজর থাকত। লাল সাদা খুঞ্চাপোষে মোড়া সোণারূপা প্রভৃতি নানা ধাতু আর মাটির পাত্রে বাদশার খানা আসত। সামনে পেছনে গুর্জবরদাররা মোতায়ন থাকত। মাটিতে দস্তুরখান বিছিয়ে তার উপর খানা সাজিয়ে দেওয়া হ’ত। আকবর প্রথমে দরবেশদের অংশ আলাদা করে রাখতেন এবং খাওয়ার শেষে প্রার্থনা করতেন। মীর বকাওয়ালা আর বাবুর্চিখানার খেদমতগারেরা সামনে হাজির থাকত। আমীর ওমরাহদের খাওয়ার ব্যবস্থাও কতকটা এই রকমই ছিল। উৎসবের দিনে ভোজনরক্ষের বর্ণনা সম্বন্ধে কারও কোতূহল থাকলে হুমায়ূন-নামার তিলিসম-খানার বর্ণনা, কিংবা টেরীর ভ্রমণ-বৃত্তান্তে আসফখানের ভোজের কাহিনী পড়ে দেখতে পারেন। ওমরাহরা মুখোমুখি দুই সারিতে কিংবা জিভুজ আকারে ঝেঁতে বসতেন। প্রথমে হাত ধোয়ার জল ও পাত্র আনা হ’ত। তারপর সফরচী মাঝখানে বসে অভ্যাগতদের পদ হিসাবে আগে পরে প্রত্যেকের খাবার আলাদা আলাদা পাত্রে করে এগিয়ে দিত। খাওয়ার সময় অঙ্গুলি লেহন ভারী বেদস্তুর ছিল। নাসিকা-মর্দন ততোধিক। হুমায়ূনের সঙ্গে ঝেঁতে বসে একবার নাক রগড়ে মীর্জা সুলেমান ভারী নায়েহাল হয়েছিলেন। বড়-মাস্তুরের খাওয়ার কোনও নির্দিষ্ট সময় ছিল না। সাধারণের মধ্যে হিন্দুরা স্থান করে গুরুদেহে খালি গায়ে একটি বিশেষ গাঙীর মধ্যে এসে বসে অন্নগ্রহণ করতেন। খাওয়ার সময় এ গাঙীর ভিতর সকলের প্রবেশ নিষেধ। কারণ একবার বাধা পেলে তাঁরা

থাওয়া ছেড়ে উঠে পড়তেন। সন্ধ্যার জারগার কুলবধূরা বসে তাঁদের আহ্বারের তদারক করতেন—এটুকু আমরা যোগ করে নিতে পারি।

বিগত এক যুগের জীবনের অত্যন্ত সাধারণ একটি দিক নিয়ে এই বিরক্তিকর ভাবে দীর্ঘ প্রবন্ধ পড়বার ঐর্ষ্য হয়ত দু-একজনের থাকতেও পারে। তাঁরাও বোধ হয় পাঠশেষে এই স্থল জিনিষের আলোচনায় বেশ কিছুটা সময় অপব্যয়ের জন্ত আত্মগ্লানি অনুভব করবেন। কিন্তু হিন্দুস্থানের খানাপিনার এই স্বর্ণযুগের কাহিনী যদি আজকের কটোল-নিপীড়িত ভোজ্যের সরসতা একতিলও বাড়াতে পারে তবে আশা করি তাঁরা এই দীর্ঘ নিবন্ধকে একেবারে নিরর্থক মনে করবেন না। অন্ততঃ একথা আশা করি সবাই মানবেন যে শিল্প-কলা-সাহিত্যের বিরাট সৌধ গড়ে উঠেছে আহ্বারে রুচিবান্ধের চেষ্টায়। অগ্নিমান্দ্য বড়জোর দর্শনের জন্ম দিতে পারে। কারণ আহ্বারে রুচি ছাড়া জীবনে রুচি আসে না। “Is life worth living? That depends on the liver.”

সঞ্চয় কোন্ ভাণ্ডারে ?

শ্রীপিনাকীলাল বন্দ্যোপাধ্যায়

ষষ্ঠ বর্ষ—রসায়ন

কথার বলে ‘বাপের গুণে ব্যাটা আর সেপায়ের গুণে ঘোড়া’। এক্ষেত্রে বাবার সঙ্গে ছেলের সাদৃশ্যটা হয় বংশগতির জন্ত আর সেপাইয়ের ঘোড়ার কেতাদুরস্ত তেজী মেজাজটা হয় শিক্ষার গুণে। সম্ভান যখন বড় হয় তখন দেখা যায় হয়ত তার চোখ, নাক, মুখের গড়নটা হয়েছে ঠিক বাবার মত, চালচলনটা হয়েছে মায়ের মত, চোখের তারার রংটা হয়েছে পিসীর মত আর কথা বলার ভঙ্গীটা হয়েছে ঠাকুরদার মত। পূর্ব-পুরুষের সঙ্গে এই সাদৃশ্যটা কেবল মাতৃষের বেলাই খাটে না, পশু, পাখী, কীট, পতঙ্গ, গাছপালাতেও এই জিনিসটা দেখা যায়—কিন্তু কেন ?

বংশগত সাদৃশ্যে প্রাণি-বিজ্ঞানীদের গবেষণা বলে জীবকোষের প্রাণপঙ্কে (প্রোটোপ্লাজমে) গুণ-বীজ (জেন্) বলে একরকম পদার্থ হচ্ছে এই বংশগতির নিয়ন্ত্রা, সে কাজ করছে বলেই সম্ভান তার পূর্বপুরুষের নিখুঁত রূপ পায়। বংশ-গতির ক্রিয়াপদ্ধতিতে কোটি কোটি জীবকোষের পরিস্ফুরণ নিয়ন্ত্রিত হয়। এই নিয়ন্ত্রণের ফলে বিশেষ বিশেষ জীবকোষ চোখ, মাথা, নাক, কান প্রভৃতি অঙ্গের কলার (টিস্যু) কেবল মাত্র যে রূপান্তরিত হয় তা নয়, জীবকোষের প্রত্যেকটি স্বতন্ত্র দল এমন হৃদয়ভাবে নিয়ন্ত্রিত হয় যে সম্ভান উত্তরাধিকারদ্বারা পায় তার পিতামাতার অঙ্গের সাদৃশ্য।

কোটি কোটি কোষ নিয়েই জীব জন্ম নেয়। পিতৃদত্ত একটি জীবকোষ আর মাতৃদত্ত একটি জীবকোষ—গুক্রাণু আর ডিম্বাণু—এই দু'টি কোষ নিয়েই শুরু হয় জীবদেহের গোড়াপত্তন। এই দু'টি কোষ প্রথমে মিলে এক হয়ে গিয়ে জন্ম দেয় আদি-জীব এক কোষী-জগণের। এই ক্ষুদ্র কোষটি তারপর ভাঙতে শুরু করে; বৃদ্ধি পায় একটানা কোষ বিভাজনের ফলে, ক্রমে পরিব্যক্ত হয় দেহের পূর্ণ রূপ।

বহুকেটি কোষ দিয়ে গড়া আমাদের দেহ আর এই কোষগুলিও হ'ল আণুবীক্ষণিক। আণুবীক্ষণিক-প্রাণপকীয় (প্রোটোপ্লাজমিক) জীবকোষের ক্ষুদ্র অংশ আবার জড়িয়ে আছে বংশগতির ক্রিয়া-কলাপের মধ্যে। যে কোন জনিতার (পেরেন্ট) দেওয়া আদি জীবকোষের ওপর জোরাল অণুবীক্ষণের সন্ধানী দৃষ্টি ফেললে দৃষ্টি শক্তির প্রায় শেষ সীমায় দেখা পাওয়া যাবে ছোট ছোট খড়কে কাঠির মত, পোকায় মত আঁকাবাঁকা জিনিসের—বিজ্ঞানীদের ভাষায় যাদের বলা হয় ক্রোমসোম (রং-কীট)। ক্রোমসোমরা আবার তাদের চেয়ে অনেক ছোট গুণ-বীজ (জেন) দিয়ে তৈরী। সবচেয়ে জোরাল অণুবীক্ষণ দিয়ে আজ পর্যন্ত গুণ-বীজদের দেখা যায়নি, এরা আজও আমাদের দৃষ্টির নাগালের বাইরে। আলাদা করে না হোক দলগত ভাবে গুণ-বীজদের দেখা পাওয়া যাবে কিনা সে সম্বন্ধে বিজ্ঞানীরা আজও নিঃসন্দেহ হননি। যাইহোক পরখশালার প্রমাণ থেকে বোঝা গেছে অণু-আকৃতির, ক্ষুদ্রাণুক্ষুদ্র গুণ-বীজরাই হলেন বংশগতির নিয়ন্তা। বিপুল আয়তন অণু (মলিকিউল) ছাড়া এরা অল্প কিছু নয়। বংশগতিতে পাওয়া চাল-চলন, হাব-ভাব, চোখের রং, চুলের রং, দাঁতের কঠিনতা, হাতের গড়ন ইত্যাদি অঙ্গরূপ ও অন্তান্ত গুণের নিয়ন্ত্রণে ও পরিস্ফুরণে এদের প্রত্যেকেরই নির্দিষ্ট আলাদা আলাদা কাজ আছে।

বংশগতি বিজ্ঞান ব্যাপকচর্চা আরম্ভ হয়েছে বর্তমান শতাব্দীর প্রথম ভাগ থেকে। বংশগতির ক্রিয়াপদ্ধতির গবেষণা আরম্ভ করে প্রাণিবিদরা দেখলেন জনিতারা তাদের সন্তানকে আদি কোষ দু'টির মধ্য দিয়ে দেয় ক্রোমাটিন (রঙ্গাতুর) বলে এক রকম পদার্থ। ক্রোমাটিনই হ'ল বংশগতির আসল জিনিস, এই দিয়েই তৈরী হয় ক্রোমসোমরা। ক্রোমাটিন আছে বলে রঙ ধরে ক্রোমসোমে। দেখা গেল পুরুষ জনিতার যৌন কোষ গুক্রাণুর অধিকাংশই ক্রোমাটিনে ভর্তি। স্ত্রী-জনিতার যৌন কোষ ডিম্বাণুতে সঞ্চিত খাদ্য আর ক্রোমাটিন ছাড়া অল্প কোন জিনিস নেই বলেই চলে। কাজেই যখন জীব দেহের আদিতে রয়েছে গুক্রাণু ও ডিম্বাণু আর তাদের প্রধান বস্তু হল ক্রোমাটিন, তখন বিজ্ঞানীদের ত্রায়সঙ্গত সিদ্ধান্ত হল যে ক্রোমাটিনের মধ্যেই লুকিয়ে আছে বংশগত গুণাবলীর প্রধান নিয়ন্তা। সম্পূর্ণ নূতন ধরণের গবেষণায় এই সিদ্ধান্ত সমর্থিত হয়েছে সর্বতোভাবে। এই নূতন পথের পথচাকী অগ্রদূত হলেন ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউশন অফ টেকনলজির ডাঃ টি, এইচ, মরগ্যান।

মরগ্যান এ সম্বন্ধে গবেষণার জন্ত চিকিৎসা বিভাগ নোবেল পুরস্কার পেয়েছেন ১৯৩৩ সালে।

নিম্নশ্রেণীর প্রাণী সিকী-মাছি (ভিনিগার ফ্লাই) নিয়েই গবেষণা করা হয়েছে প্রথমে। সিকী-মাছির বৈজ্ঞানিক নাম হ'ল 'ড্রোসোফিলা মেলানোগাস্টার' অর্থাৎ 'কালো-পেটা ফল লোলুপ'। সিকী-মাছির গবেষণার ফলকে বোলতা, বার্লি, শস্ত, গম ও অন্যান্য জীবিত প্রাণী নিয়ে গবেষণার ফলের সঙ্গে যাচাই করতে প্রাণিবিদরা ভোলেননি। বংশগতির ব্যাপক গবেষণাতে কেবল ক্রোমসোমের অস্তিত্বই ধরা পড়ল না, জ্ঞান-গোচর হ'ল ক্রোমসোমের আদিম কণা, প্রাক-আণুবীক্ষণিক (আনট্রা-মাইক্রোস্কোপিক) বস্তু গুণ-বীজরা। এক ইঞ্চির কয়েক লাখ ভাগের সামান্য অংশতেই এদের আয়তন (সাইজ) পরিমাণ।

দু' কোটি পঞ্চাশ লাখেরও (২,৫০,০০,০০০) বেশী সিকী-মাছি নিয়ে পরখ করা হয়েছে। হাজার হাজার রকমের প্রাণী থাকতে এতটুকু মাছি বেচারীকে নিয়ে টানা-টানি কেন? কারণ যথেষ্ট। মানুষের এক পুরুষ শেষ হতেই লেগে যায় পঁচিশ বছর; কিন্তু ফল-লোভী সিকী-মাছিদের এক পুরুষ (জেনারেশন) শেষ হয় মাত্র রাত্রে দিনে। এ ছাড়া পরখশালায় ছুধের বোতলের মধ্যে হাজারে হাজারে সিকী-মাছির চাষ করতে পারা যায় কিন্তু ছুধের বোতলে মানুষের চাষ ত চলে না। সিকী-মাছিদের চার-জোড়া ক্রোমসোমের কাঠি আছে আর প্রত্যেক কাঠিটিকে আলাদা করে চেনাও শক্ত নয়। এদের সহজে চেনা যায় এই রকমের বহু বংশগত গুণাবলীও আছে—যেমন দেহের গঠন, রঙ, ডানার গঠন, চোখের রঙ, গায়ের শক্ত লোমের সংখ্যা ও রকম, রোগ প্রবণতা এবং আয়ু। মরগ্যানকে চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার দেওয়া হয়েছে কারণ তাঁর আবিষ্কৃত বংশগতির নিয়মাবলী সিকী-মাছির রেলায় যেমন খাটে মানুষের বেলায়ও ঠিক তেমনি খাটে। জীবরাজ্যে, উদ্ভিদরাজ্যে বংশগতি (হেরিডিটি) যে নিয়মে কাজ করে চলেছে সেই একই নিয়মের অধীন হয়ে, ফল-লোভী মাছির দেহের গঠনের মত মানুষের নীচতা, ভীরাতা, রূপগতা, রঙাঙ্কতা (কলর ব্রাইন্ড-নেস), অপরাধ প্রবণতা পুরুষ পুরুষাম্বুক্রমে দেখা দেয়, প্রকট হয়।

এক একটি ক্রোমসোম যে এক একটি বিশেষ গুণের গুণ-বীজের আশ্রয় এটা ত মরগ্যান প্রমাণ করলেনই উপরন্তু সূক্ষ্ম এবং ছরুহ গবেষণার সাহায্যে তিনি দেখিয়ে দিলেন ক্রোমসোমের বিশেষ বিশেষ অংশে থাকে বিশেষ বিশেষ গুণ-বীজ (জেন)। ক্রোমসোমের কোন কোন অংশে কোন কোন গুণ-বীজ থাকে তারও নক্সা তিনি করেছেন। বিভিন্ন জীবের অসংখ্য পারস্পরিক প্রজন (ব্রিডিং) মরগ্যান পরিকল্পিত গুণ-বীজের নক্সার সত্যতার সায় দিয়েছে; গুণ-বীজের তথ্য (থিওরেটিক্যাল) অস্তিত্ব রূপায়িত হয়েছে বাস্তব সত্যে।

গুণ-বীজদের অস্তিত্ব নিঃসন্দেহে প্রমাণ হবার পর জীব বিজ্ঞানীরা লেগে গেলেন এদের গঠন, ধর্ম, ক্রোমোসোমের মধ্যে তাদের সংস্থান বিশ্লেষণের কাজে। জানা গেছে বিভিন্ন মৌলের দশ লক্ষেরও বেশী পরমাণু জটিল বন্ধনের বিচিত্র সমাবেশে জড়িয়ে পড়ে জন্ম দিয়েছে গুণ-বীজদের। গুণ-বীজরা হ'ল অতি-অণুকণা, সাধারণ অণুদের চেয়েও এদের দেহের আয়তন হ'ল অনেক হাজার গুণ বেশী। রাসায়নিক শ্রেণী-বিভাগে এরা পড়ে প্রোটিন পদার্থের দলে। প্রোটিন পদার্থ হ'ল কার্বন (অঙ্কর), হাইড্রোজেন (জলজান), অক্সিজেন (অগ্নিজান) ও নাইট্রোজেনের (সোরাজান) জটিল যৌগিক। এদের মধ্যে সালফার (গন্ধক), ফসফরাস (ভাসজান) ও প্রাণ-ধারণের জন্য অত্যাবশ্যক অত্যন্ত মৌলও পাওয়া যায় অল্প পরিমাণে। প্রোটিন হ'ল প্রাণধারণের প্রধান বস্তু অর্থাৎ প্রাণজী। আজ পর্যন্ত প্রোটিনহীন জীবিত বস্তুর অস্তিত্ব জানা যায়নি আর এরকম বস্তু থাকতে পারে বলে ধারণা করাও যায় না। রক্তপ্রাণ হিমোগ্লোবিন, যার জন্য রক্ত লাল দেখায়, ডিমের সাদা অংশের উপাদান (অ্যালবুমেন) ইত্যাদি হ'ল প্রোটিন পদার্থ। পুঁতির মালার পুঁতির মত পরস্পরের প্রান্তে প্রান্তে গাঁথে গিয়ে গুণ-বীজরা প্রথমে জন্ম দেয় 'ক্রোমোনেমাস' (রং-কণ্ঠী)। আবার বহু ক্রোমোনেমাসের সুরুসুরু আঁটির পাকে জন্ম হয় ক্রোমোসোমের (রং-কীট)। কাজেই দেখা যাচ্ছে যে বংশগতির ক্রিয়াকলাপ সোজা নয়, বহু রাসায়নিক ক্রিয়া-বিক্রিয়ার সূক্ষ্ম জটিল পাকে এ জড়িয়ে আছে আর এই সমস্ত ক্রিয়া-বিক্রিয়ার মূলে রয়েছে অতি-অণুকণা গুণ-বীজরা।

কোষ বিভাজনে ক্রোমোসোমদেরও ভাঙন ধরে। ক্রোমোসোমদের আদি বস্তু গুণ-বীজরাও ভাঙে যার ফলে জন্মায় নূতন ক্রোমোসোম। প্রাণতত্ত্বের এটা আশ্চর্য জিনিস : প্রাণহীন অণুকণার সমাবেশ অল্পকাল পরিবেশের মধ্যে বংশ বিস্তার করে চলেছে। গুণ-বীজ ছাড়াও প্রোটিনের অতি-অণু 'ভাইরাস'রাও স্বয়ম্ভু, এদের বেলায়ও প্রাণ-বিজ্ঞানীরা স্বয়ং-জননের প্রমাণ পেয়েছেন।

স্বয়ং-জনন বুঝতে হলে জানা দরকার উৎসেচক অর্থাৎ এনজাইমদের কথা। বিজ্ঞানীদের মতে উৎসেচকরাও পড়ে প্রোটিন পদার্থের দলে। পাচক উৎসেচক যেমন অম্লশর-রসের (প্যানক্রিওটিক-জুস) 'ট্রিপসিন' খাত্তের জটিল যৌগিকদের জীবদেহের গ্রহণোপযোগী জীবান্নের (অ্যামিনো অ্যাসিড) সরল অণুতে ভাঙন উদ্দীপ্ত (স্টিমুলেট) ও নিয়ন্ত্রণ করে। অল্পকাল পরিবেশের মধ্যে উৎসেচকরা ঠিক উটে কাঁজও করতে পারে—জীবান্নের অণুদের জোড়া লাগিয়ে গড়তে পারে প্রোটিন পদার্থের জটিল অণু। একটা তালার সঙ্গে তার চাবির যে সম্বন্ধ একটা উৎসেচকের সঙ্গে তার কাজেরও ঠিক সেই সম্বন্ধ ; একটা তালার চাবি যেমন অল্প তালার লাগে না তেমনি একটা উৎসেচকের কাজ অল্প উৎসেচককে দিয়ে হ'বার জো নেই। একটা

অতি-উৎসেচক (সুপার-এনজাইম) যদি সরল অণু থেকে জটিল অণু গড়ে আর এই নবজাত অণুট ঠিক তার সংশ্লেষক অতি-উৎসেচকের মতই হয় তাহলে কি এ ক্ষেত্রে গুণ-বীজদের মত স্বয়ং-শ্লেষণ ঘটে না? কাজেই জানা যাচ্ছে গুণ-বীজদের মত অতি-অণুদের স্বয়ং-বৃদ্ধি ভাল করে বুঝতে হলে খোঁজ নিতে হবে উৎসেচকদের কার্যকলাপের।

প্রথমে যখন দু'কোটি পঞ্চাশ লক্ষ মাছি (সিঁকা-মাছি) নিয়ে পরীক্ষা করা হয় তখন পরিস্ফুট হয়েছিল পাঁচশ রকমের বংশগত পরিবর্তন। বংশগত গুণাবলীর এই রূপান্তরকে বলা হয় পরিব্যক্তি (মিউটেশন)। এ'ক্ষেত্রে পরিব্যক্তির উদাহরণ মেলে যখন সাদা রঙের চোখওয়ালা মাছি জন্মায় লাল চোখওয়ালা পূর্ব পুরুষ থেকে। স্বাভাবিক পরিব্যক্তি-জাত নির্বীজ লেবু ও ছাতা-বিরোধী (রাষ্ট-রেজিসটিং) গম মানুষের খুব কাজে লেগেছে।

কিন্তু বহু গুণ-বীজের আঁটি বাঁধা—ক্রোমোসোমের তৈরী ক্রোমোসোমরা আণু-বীক্ষণিক এক-কোষী ভ্রূণকে কি করে এমনভাবে বহুকোষী পূর্ণাবয়ব মানুষে রূপান্তর করে যাতে সে পূর্বপুরুষের প্রতিলিপি হয়? প্রাণি-বিজ্ঞানীরা মনে করেন যে স্বয়ং-জননের ক্ষমতা ছাড়াও গুণ-বীজদের অতি-উৎসেচকদের মত বহু রকমের প্রাণ-রাসায়নিক (বাইও-কেমিক্যাল) বিক্রিয়া এমনভাবে আরম্ভ, নিয়ন্ত্রিত, রূপান্তরিত এবং শেষ করবার ক্ষমতা আছে যাতে এই বিক্রিয়াদের সমষ্টিগত প্রভাবে বিভিন্ন কলা (টিসু), অঙ্গ (অরগ্যান), ও অঙ্গ-তন্ত্র প্রাণবন্ত হয়ে ওঠে; বৃদ্ধি পেয়ে রূপান্তরিত হয় পূর্বপুরুষদের দেহের মত দেহে। আশ্চর্য ক্ষমতাই বটে।

পর্যবেক্ষণের ফলে বিজ্ঞানীরা জানতেপেরেছেন যে প্রাণ-পক্ষে, যেখানে সাঁতরে বেড়ায় ক্রোমোসোমরা, জন্ম নেয় অত্যন্ত জটিল ও দুর্বোধ্য অসংখ্য রাসায়নিক বিক্রিয়া যার ফলে আবির্ভাব ঘটে অসংখ্য উদ্দীপক ও নিয়ন্ত্রক উৎসেচকদের। উৎসেচকদের প্রাণ রাসায়নিক ক্রিয়া ও নিয়ন্ত্রণের ফলে বজায় থাকে সুসংগতি। পথ দুর্গম আর রহস্য দুর্বোধ্য দেখেও ভ্রূণবিদরা (এমব্রাইওলজিষ্ট) হতাশ হয়ে হাল ছাড়েননি বরং আরও উৎসাহের সঙ্গে লেগে পড়েছেন জীবনের এই আদি রহস্যের সমাধানের কাজে। সম্প্রতি পরিস্ফুরণোন্মুখ জীবদেহে একরকম পদার্থ, অঙ্গ-বীজের (অরগানাইজার) অস্তিত্ব প্রমাণ করেছেন। অঙ্গ-বীজেরাও হ'ল অতি উৎসেচক এবং রাসায়নিক-উপাদানেও অজানা নয়। এরা কাজ করে গুণ-বীজের সাহায্যে। ১৯০০ সালে জার্মানির ফ্রেবুর্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হান্স স্পিম্যান উভচর (অ্যাক্সিবিয়ান) প্রাণিদের ভ্রূণ-তত্ত্বে কতকগুলি শ্রমসাধ্য গবেষণা করেন। নিউট (মেছো-ব্যাণ্ড) ও সালাম্যাণ্ডার (টিক্-টিকে ব্যাণ্ড) হ'ল ব্যাণ্ডের মত উভচর প্রাণী। কোন অবস্থায় কোন কলার নিয়ন্ত্রকের জন্ম হয় তাই দেখবার উদ্দেশ্যে স্পিম্যান নিউটের ডিম ও অপরিষ্ফুট ভ্রূণগুলিকে করলেন টুকরো টুকরো, লক্ষ্য করলেন এই টুকরোগুলির পরিস্ফুরণ। তিনি

একটি অপরিষ্কৃত ভ্রূণের দেহাংশ জুড়ে দিলেন তার চেয়ে বেশী পরিষ্কৃত অপর একটি ভ্রূণের দেহের বিশেষ বিশেষ অংশে, তাঁর উদ্দেশ্য হ'ল আগে জন্মান বা পরে জন্মান অতি-উৎসেচক অঙ্ক-বীজের আবির্ভাবের প্রভাব লক্ষ্য করা। এই সমস্ত গবেষণায় ডাক্তার সাহেব একটি ভ্রূণ থেকে যে কলা (টিসু) পরে নবজাতক প্রাণীটির মেরুদণ্ডের জন্ম দেবে সেই কলাটি (টিসু) কেটে নিয়ে জুড়ে দিলেন আর একটি ভ্রূণের দেহের সঙ্গে। ফলে এই দ্বিতীয় প্রাণীটিতে একটি বাড়তি মেরুদণ্ড জন্মাল এমন জায়গায় যেখানে স্বাভাবিক অবস্থায় মেরুদণ্ড জন্মায় না। তাই বিজ্ঞানীদের ধারণা হ'ল যে জোড়া লাগান কোষগুলি নিশ্চয় জন্ম দিয়েছে অঙ্ক-বীজের আর এই অঙ্ক-বীজটিই আশ-পাশের কোষের দলে ভাঙন খটিয়ে তাদের উদ্দীপ্ত করেছে, রূপায়িত করেছে একটি বিশেষ অঙ্গে—এ ক্ষেত্রে মেরুদণ্ড।

স্পিম্যানের গবেষণা নিঃসন্দেহে প্রমাণ করেছে যে অঙ্ক-বীজ এক শ্রেণীর কোষ মেরুদণ্ড, চামড়া, কিংবা অন্ত কোন দেহাঙ্গে পরিণত হবে তাই ঠিক করে, নিয়ন্ত্রিত করে তারা নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট বৃত্তিওরালা প্রত্যেকটি দেহাঙ্গের বৃত্তি ঘটায়। স্পিম্যান তাঁর গবেষণার জন্য নোবেল পুরস্কার পেয়েছেন ১৯৩৫ সালে।

বংশগতি বিজ্ঞান চর্চায় মানুষের লাভ হয়েছে বহু। এর সাহায্য নিয়ে ফল, ফুল, শাক-সব্জী, শস্ত, তুলো প্রভৃতি কৃষিজাত জিনিসের বহুল এবং উৎকৃষ্ট উৎপাদন সম্ভব হয়েছে, পাওয়া গেছে উন্নত ধরনের গৃহপালিত পশু, নূতন রকমের গাছ-পালা, ফল-ফুল। যে গোপন ভাণ্ডারের জন্ম জন্মান্তরের গুণের সঞ্চয় তারই সন্ধান-পথে চলেছে আজ প্রাণি-বিজ্ঞানীদের মন। দেখা যাক পথের শেষ কোথায়, পথের শেষে কি আছে।*

* Scientific American (1938) এ প্রকাশিত Barclay Moor Newman এর লেখা *Giant Molecules of Inheritance* নামক একটি প্রবন্ধের বিষয়বস্তু অবলম্বনে লেখা।

বৈষ্ণব-সাহিত্যে প্রেম ও পূজা

ক্ৰীষ্ণুধীন্দ্রনাথ গুপ্ত

পঞ্চম বর্ষ—ইংরাজী

ভগবান বা আরাধ্য দেবতার প্রতি নিরবধি অহৈতুকী প্রীতিকেই প্রেম বলা হয় এবং দেবতার উদ্দেশ্যে নানা উপচারে অর্ঘ্য প্রদান করতঃ দেবতাকে সন্তুষ্ট করিবার প্রয়াসই পূজা বলিয়া অভিহিত হয়।

বৈষ্ণব সাহিত্যের মূল বিষয়বস্তু এই প্রেম। ইহা অবিনশ্বর, নিত্য এবং শাশ্বত। ইহার ধ্বংস নাই। তাই 'ষড়্ভাববন্ধনং যুনোঃ স প্রেমা পরিকীর্তিতাঃ'। কামই

অচিরস্থায়ী, প্রেম নহে। বৈষ্ণব মতে এই প্রেমই হৃদয়ের সর্বোচ্চ ধর্ম। 'বেদে কিংবা দর্শনে' ইহার দর্শন পাওয়া যায় না। ইহা উপলব্ধির বিষয়।

বৈষ্ণব সাহিত্যে প্রেমের স্থান পূজার বহু উর্ধ্বে। ইহা ভক্তিরও উপরে। ভক্তি সাধারণতঃ উপাস্ত দেবতার প্রতি শ্রদ্ধা (কখনও বা ভীতি) ইহাতে উৎপন্ন হয়। কিন্তু প্রেমের স্থান ভক্তিরও উপরে এই হেতু যে ইহা মনকে অভেদানুভবের পথে পরিচালিত করে।

শ্রীরূপ গোস্বামী বলিতেছেন :

আদৌ শ্রদ্ধা ততঃ সংগন্ততোহথ ভজনক্রিয়া ।

ততোহনর্থনিবৃত্তিঃ শ্রান্ততো নিষ্ঠাক্রান্ততঃ ॥

অথাসক্তিস্ততো ভাবন্ততঃ প্রেমাভ্যুদয়তি ।

সাধকানাময়ঃ প্রেমঃ প্রাহুর্ভাবো ভবেৎ ক্রমঃ ॥

অতএব, প্রেমই সর্বোচ্চ এবং সর্বশেষ অনুভূতি।

প্রথমে এই প্রেমের উৎপত্তি হয় পরস্পরের প্রতি অনুরাগ ইহাতে। রাধিকা এবং শ্রীকৃষ্ণই যথাক্রমে বৈষ্ণবধর্মোক্ত প্রেমের আধার এবং আধেয়। প্রথম দর্শনে তাঁহাদের মধ্যে জন্মিল অনুরাগ। ক্রমে তাঁহাদের এই অনুরাগ পরিণতির পথে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া যে পর্যায়ে পৌঁছিল, তাহাই অভেদানুভাব, 'অহং কান্তা কান্তমুখমিতি ন তদানীং মতিরভূন্মনোরত্তিরলুপ্তা স্বমহিমিতি নো ধীরপি হতা'।

এই অভেদানুভবেই প্রেমের চরম সার্থকতা। কিন্তু ভক্ত কেবলমাত্র নিজেকে দেবতার চরণে উৎসর্গ করিয়া দিতে পারেন। নিজের সত্তাকে উপাশ্রয়ের মধ্যে সমভাবে উপলব্ধি করিবার শক্তি তাঁহার নাই। ই জগত্ই প্রেম ভক্তি ইহাতে অনেক উর্ধ্বে।

এই প্রেমকে আরও মধুর করিবার জগত্ই মান-বিরহ-ভেদভাবাদির সৃষ্টি। তখন ভেদবুদ্ধিপ্রভাবে একে অপরের দৈহিক সৌন্দর্য্যে এবং গুণে মুগ্ধ ও আকৃষ্ট হইয়া থাকে। তখন দর্শনাকাংক্ষা প্রবল হইয়া উঠে। এই প্রেমের পরিভূষ্টি নাই। ইহার মর্ম উপলব্ধি করিয়াই বিভ্রাপতি বলিতেছেন 'কৈ সে গোড়ায়বি হরি বিনে দিন-রাতিয়া'। প্রকৃতির বিভিন্নরূপ এই আকাংক্ষাকে আরও প্রবল করিয়া তোলে। সেই অবস্থা বর্ণনা প্রসংগে কবি বলিতেছেন :

কুলিশ শত শত

পাত-মোদিত

মধুর নাচত মাতিয়া।

মত্ত দাহুরী

ডাকে ডাহকী

ফাটি যাওত ছাতিয়া ॥

কিন্তু যদিও বা মিলন ঘটে তবুও সেই মিলনের ক্ষণেও একটি করণ স্তব্ধ ধ্বনিত

হয়—তাহা বিচ্ছেদের। চণ্ডীদাস-অংকিত রাধাকৃষ্ণের মিলনের দৃশ্যে এই স্রবের আধিপত্য সর্বত্র লক্ষিত হয়। কিন্তু যে কবির গীতিকাব্যে এই স্রব ধ্বনিত হয় না তাঁহার কাব্যেও এই অতৃপ্তি ধরা দেয় অল্প রূপে,

জনম অবধি হাম রূপ নেহারু
নয়ন না তিরপিত ভেল।
লাখ লাখ যুগ হিয়ে হিয়া রাখলু
হিয়া তবু জুড়ন না গেল।

রামানুজ, বলভ, নিদার্ক, মধ্যার্চ্য প্রভৃতি বৈষ্ণবাচার্যগণ যে ভাব প্রচার করিয়া গিয়াছেন তাহা নিতান্তই সেব্য-সেবক ভাব, আশ্রিত-আশ্রয়দাতার ভাব। কিন্তু বিদ্যাপতি চণ্ডীদাসের কাব্যে প্রকৃত প্রেমধর্মের স্রব ধ্বনিত হইতেছে। সমগ্র বৈষ্ণব-সাহিত্যে তাই ইহাদের সৃষ্টি অনবদ্য। তাঁহাদের হৃদয়ে প্রকৃত কৃষ্ণ-প্রেমের প্রতিফলন হইয়াছিল, তাহারই অভিব্যক্তি তাঁহাদের কাব্যে। অত্যান্ত বৈষ্ণব-কবিগণের মধ্যে প্রেম অপেক্ষা ভক্তিই প্রাধান্য লাভ করিয়াছে বেশী। এই প্রেমধর্মের প্রভাব যুগশ্রুষ্ঠা রবীন্দ্রনাথের কাব্যেও লক্ষিত হয়,

দেবতারে বাহা দিতে পারি, দিই তাই
প্রিয় জনে—প্রিয় জনে বাহা দিতে পাই
তাই দিই দেবতারে ; আর পাবো কোথা !
দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।

গীতাঞ্জলির অধিকাংশ কবিতাই এই ভাবের প্রকাশক।

এই কৃষ্ণ প্রেম নিষ্কাম এবং নিষ্কলুষ। এইখানে প্লেটনিক প্রেমের সংগে ইহার সংযোগ আছে। বৈষ্ণবকাব্যে প্রতিফলিত প্রেম অনেক সময়ে ভক্তির প্রাচুর্যের সহিত হৃদয়ের অনুরাগ-মিশ্রণে জন্ম। তাই “চণ্ডীদাস যে ধ্যানপরায়ণা রাধিকার মূর্তিট দেখাইয়াছেন তাহার শাস্ত্রেন্ত্র আমাদিগকে স্বর্গীয় প্রেমের স্বপ্ন দেখাইয়া অনুরণ করে এবং চৈতন্য-প্রভুর ছুটি সজল চক্ষুর কথা স্মরণ করাইয়া দেয়”।

চণ্ডীদাস এবং বিদ্যাপতির কাব্যে এই প্রেমই মুখ্য বিষয়বস্তু হইলেও উভয়ের কাব্যের মধ্যে পার্থক্য আছে যথেষ্ট। বিদ্যাপতি হৃদয়ের চিত্রাংকনে যতটা দক্ষতা দেখাইয়াছেন, সৌন্দর্য বর্ণনায় তাহা অপেক্ষা অধিকতর প্রতিভার পরিচয় দিয়াছেন। কিন্তু চণ্ডীদাস হৃদয়ের অল্পভূতি বর্ণনার দিকেই বেশী যত্ন লইয়াছেন। সহজ, সরল ভাষায় চণ্ডীদাস প্রেমের আবেগ-বিহ্বলতা-জনিত উন্মাদিনী রাধিকার অন্তরের ভাব ব্যক্ত করিতে প্রয়াসী হইয়াছেন। তাঁহার কবিতা তাই অবজেক্টিভ। কিন্তু বিদ্যাপতির অধিকাংশ—প্রায় সমস্ত কবিতাই-সাবজেক্টিভ। তাই বিদ্যাপতির কবিতা হৃদয়ের দ্বারে উপস্থিত হয় শীঘ্র। ইহার ভাবগতি তীব্র এবং দ্রুত। রবীন্দ্রনাথ এই সম্বন্ধে বলিতেছেন : “বিদ্যাপতির কবিতায় প্রেমের ভংগী, প্রেমের নৃত্য, প্রেমের

চাকলা, —চণ্ডীদাসের কবিতায় প্রেমের তীব্রতা, প্রেমের আলোক। এইজন্য ‘ছন্দ-সংগীত এবং বিচিত্র রংগে বিতাপতির পদ এমন পরিপূর্ণ, এইজন্য জগতে সৌন্দর্য-সম্ভোগের এমন তরংগ লীলা। ইহা কেবল যৌবনের প্রথম আরম্ভের আনন্দোচ্ছাস। বিতাপতির প্রেমে যৌবনের নবীনতা এবং চণ্ডীদাসের প্রেমে অধিক বয়সের প্রগাঢ়তা আছে। চণ্ডীদাস গভীর এবং ব্যাকুল, বিতাপতি নবীন এবং মধুর।”

একই বিষয় দুইজনের উপর বিভিন্নভাবে কাজ করে। চণ্ডীদাস বলিতেছেন,

এমন পীরিতি কভু দেখি নাই শুনি।

পর্যণে পর্যণ বঁধা আপনা আপনি ॥

ছুহ কোড়ে ছুহ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া।

তিল আধ না হেরিলে যায় যে মরিয়া ॥

বিতাপতিও বলেন ‘তঁারে একতিল না হেরিলে শতগুণ মনে হয়’, কিন্তু তাঁহার রচিত মিলনে বিচ্ছেদের করুণ স্রব ধ্বনিত হয় না। প্রিয়জন গৃহে আসিলে তাই তাঁহার হৃদয় কানায় কানায় পরিপূর্ণ হয়, সেখানে বিচ্ছেদের ক্ষীণ ছায়াও থাকে না। তাই তিনি গাহেন, ‘পাঁচ বাণ অব লাখ বাণ হউ।’ এই হেতুই বিতাপতি বাহ্যিক সৌন্দর্যের প্রতি অত্যন্ত সচেতন; রাধিকার প্রতি অংগের সৌন্দর্য তাঁহাকে মুগ্ধ করে; রাধিকার চক্ষু বর্ণনা প্রসঙ্গে তিনি বলিতেছেন :

লোচন জহু থির ভুঙ্গ আকার।

মধু মাতল কিয়ে উড়ই না পার ॥

চকল লোচনে বন্ধ নেহারদি

অঙ্গন শোভন তায়।

জহু ইন্দীবর পবণে ঠেলল

অলিভরে উলটায় ॥

অবশ্য রাধিকার বিরহও তিনি নিপুণতার সংগে অংকন করিয়াছেন :

হিম-কর-কিরণে নলিনী যদি জারব

কি করবি মাধবী মাসে।

অঙ্গুর তপন— তাপে যদি জারব

কি করব বারিদ মেহে ॥

* * *

চন্দন তরু বব সৌরভ ছোড়ব

শশধর বরিখব আগি।

চিস্তামনি যব নিজস্তম ছোড়ব

কি মোর করম অভাগি ॥

আবন মাহ যব বিন্দু না বরিখব

হয় তরু ঝাঝকি ছান্দে।

কিন্তু তাঁহার রচিত এই স্তব্ধ বিরহ-বর্ণনার মধ্যেও বাহ্যিক সৌন্দর্যের প্রতি সচেতনতার পরিচয় পাওয়া যায়। কিন্তু চণ্ডীদাসের বিরহিনী রাধিকার মূর্তি সম্পূর্ণ ভিন্ন, ‘সদাই ধ্যেয়ানে, চাহে মেঘ-পানে, না শোনে কাহারো কথা’। ইহার মধ্যে কেবল মাত্র রাধিকার মনোভাব ব্যক্ত করিবারই প্রয়াস রহিয়াছে।

কিন্তু মান-বিরহাদি ভেদ-বুদ্ধির মধ্য দিয়া এই প্রেমের অবসান হয় না। ইহার প্রকৃত সার্থকতা অভেদাত্মকতবে। এই ভাবের সংক্ষিপ্ত পরিচয় হইতেছে :—

পহি রাগ নয়ন ভঙ্গ ভেল।
অনুদিন বাড়ল অবধি না গেল ॥
ন সো রমণ ন হাম রমণী।
হুই সম মনোভব পেবল জনি ॥

বিদ্যাপতি-চণ্ডীদাসের পরবর্তী বৈষ্ণবকবিগণের মধ্যে প্রকৃত প্রেমের অপেক্ষা ভক্তির প্রাবল্য বেশী। তাই তাহাদের স্থান বিদ্যাপতি-চণ্ডীদাস অপেক্ষা নিম্নে। অবশু পদলাগিতো এবং ভাষার ও ভাবের সৌন্দর্যে গোবিন্দদাস, জ্ঞানদাস এবং রায় শেখরের কয়েকটি কবিতা বিদ্যাপতি-চণ্ডীদাসের যে কোনও কবিতার সমকক্ষ। গোবিন্দদাসের “তরল জলধর, বরিখে ঝর ঝর, হামারি লোচন ছন্দ” কবিতাটি সুর ও ভাষার অনবদ্য। জ্ঞানদাসের

রূপ লাগি আখি বুঝে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর ॥
হিয়ার পরশ লাগি হিরা মোর কান্দে।
পরশ পিত্তী লাগি খির নাহি বান্দে ॥

কিংবা “বসিতে রাধিকা, গাইতে রাধিকা, গুণেতে রাধিকা” পদগুলি বিদ্যাপতি-চণ্ডীদাসের কবিতার সমকক্ষ হইলেও ইহাতে প্রেমের তীব্রতা তত নাই। জ্ঞানদাস এবং গোবিন্দদাসের পদাবলীতে প্রেমের সংগে ভক্তির মিশ্রণে স্রবোধ্য এবং নির্মল হইলেও অনুভূতির তীব্রতার দিক হইতে গ্লান। তাই নীচের কবিতাটিতে প্রেম অপেক্ষা ভক্তির প্রাধান্য বেশী ;

বাঁহা পহঁ অরুণ চরণে চলি যাত।
তাঁহা তাঁহা ধরনী হই এ ময়গাত ॥
যো সরোবরে পহঁ নিতি নিতি নাই।
হাম ভরি সলিল হোই তথি নাই ॥
যো দরপণে পহঁ নিজ মুখ চাহ।
ময় অঙ্গ জ্যোতি হোই তথি নাই ॥

যে বীজনে পছঁ বীজই গাত ।
 মন্ম অঙ্গ তথি হোই মূদবাত ॥
 বাঁহা পঁহ ভরমই জলধর গ্রাম ।
 মন্ম অঙ্গ গগন হোই তছু ঠাম ॥
 গোবিন্দদাস কহে কাঞ্চন গোরি ।
 সো মরকত তনু তোহে কি এছোড়ি ॥

ঘনশ্যামদাস, বলরামদাস, রায়বসন্ত, ঘটনন্দন, বাসুদেব ঘোষ এবং বংশীবদনও বৈষ্ণব কবিদিগের মধ্যে উল্লেখযোগ্য। কিন্তু ইহাদের কবিতাও (অধিকাংশই) ভক্তিমূলক। রায় শেখরের কয়েকটি পদে প্রেমের বিচিত্রভাব অভিযুক্ত হইয়াছে। কিন্তু তাহাতে প্রেমের গভীরতা অপেক্ষা রোম্যান্টিক অনুভূতিই অধিকতর প্রবল। নিম্নোক্ত কবিতাটি হইতে তাহা প্রতীয়মান হয় :

সো যদি সিনান আগিলা ঘাটে, আর ঘাটে পিঙ্গা নায় ।
 মোর অঙ্গের জল, পরশ লাগিয়া, বাহ পশারিয়া রয় ॥
 বসনে বসন লাগিবে বলিয়া একই রজকে দেয় ।
 আমার নামের একটি আখর পাইলে হরিষে লেয় ॥
 ছায়ায় ছায়ায় লাগিবে বলিয়া কিরই কতই পাকে ।
 আমার অঙ্গের বাতাস যেদিকে, সেদিন সেদিকে থাকে ॥
 মনের কাকুতি বেকত করিতে কত না সন্ধান জানে ।
 পায়ের সেবক রায় শেখর কিছু জানে অনুমানে ॥

রবীন্দ্র কাব্যে বৈষ্ণব সুর *

শ্রীমদ্বৈষ্ণব

ষষ্ঠ বর্ষ—ইতিহাস

যুগে যুগে ভারতের মাটিতে যে সকল চিন্তাধারার উদ্ভব হয়েছে একটু লক্ষ করলেই ঐ সকল ভাবধারার ভিতর একটি অদ্ভুত সামঞ্জস্য দেখতে পাওয়া যায়। সকল ভাবধারাই আমাদের স্বথত্বের গড়া এই পৃথিবীকে অস্বীকার করেছে। ধর্ম-প্রবর্তকগণ আমাদের শিক্ষা দিয়াছেন—এ জীবন মিথ্যা, শস্ত্রশ্যামলা ধরিত্রীর সকল শোভা, সকল মাধুর্য্য সবই মায়া। এ সকল মায়াবাদীদের মতে আমাদের এই জীবনের পরে আর একটা মহত্তর জীবন রয়েছে—এ জীবনের সকল প্রেম সকল মেহকে অস্বীকার করে, সেই জীবনের দিকে অগ্রসর হয়ে যাও—অনাবিল আনন্দ পাবে।

* প্রেসিডেন্সী কলেজের রবীন্দ্রপরিষদের এক অধিবেশনে পঠিত।

জীবনের সকল সৌন্দর্য্যকে অস্বীকার করে এঁরা নির্বাণকেই আমাদের পরম শ্রেয়ঃ বলে নির্দেশ করেছেন। শঙ্কর আমাদের শিক্ষা দিয়েছেন—“নলিনীদলগত জলমিবতরলম” এই জীবন। পুরাণ আমাদের শিক্ষা দিলেন, ‘মোক্ষই মানুষের পরম কল্যাণদায়ক’। বুদ্ধ প্রচার করলেন নির্বাণের মহানাদর্শ। জীবনের প্রতি এই যে মহা-অস্বস্তিকর অস্বীকারের প্রভাব এ হতে আমরা তখনই মুক্তি পাই যখনই প্রবেশ করি বৈষ্ণব কবির কাব্যকুঞ্জে। বৈষ্ণব কবির জীবনকে অস্বীকার করেন নাই। জগতের ক্ষুদ্রাদপি ক্ষুদ্র বস্তুর ভিত্তর তাঁরা পেলেন সৌন্দর্য্যের সন্ধান—রহস্তের ইঙ্গিত। মানুষের প্রতি অসীম তাঁদের মমতা। মানুষ এবং স্থখে দুঃখে ঘেরা মানুষের জীবন তাঁদের কাছে পেল পরম সমাদর, সজ্জা সজ্জা ধরিত্রীর ধূলিধূসর পথে বৈষ্ণব কবি পেলেন এগিয়ে যাবার পথ, অদ্বৈতবাদের গালভরা তথ্য তাঁদের কাছে সমাদর পেল না। শঙ্খচক্রগদা-পদ্মধারী সৃষ্টিকর্তাকে দ্বিভুজ মানুষরূপে কল্পনা করলেন তাঁরা। স্বপ্নদুঃখে গড়ে ওঠা মানুষীরূপে জন্ম নিল তাঁদের নায়িকা, অদ্বৈতবাদের ভগবান নেমে আসলেন মানুষের মধ্যে। মানুষের এত বড় জয়-গান বৈষ্ণব সাহিত্যে ছাড়া আর কোথাও আছে কিনা সন্দেহ। বৈষ্ণব কবি চণ্ডীদাস গেয়ে উঠলেন—‘সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই’। বৈষ্ণব কবিদের এই জীবনের ও মানুষের জয় গানের সঙ্গে স্মরণ মিলিয়ে ঋষিরা সঙ্গীত সৃষ্টি করেছেন রবীন্দ্রনাথ তাঁদের অন্ততম। তিনিও বৈষ্ণব কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়ে গাইলেন—

ভজন পূজন সাধন আরাধনা
সমস্ত থাক পড়ে,
রক্ত কোণে দেবালয়ের কোণে
কেন আছিস ওরে!
অন্ধকারে লুকিয়ে আপন মনে
কাহারে তুই পুজিস সঙ্গোপনে
নয়ন মেলে দেখে দেখি তুই চেয়ে
দেবতা নেই ঘরে।
তিনি গেছেন যেথায় মাটি ভেঙ্গে
করছে চাষা চাষ
পাথর ভেঙ্গে কাটছে যেথায় পথ
খাটছে বারো মাস,
রৌদ্রজলে আছেন সবার সাথে
ধূলা তাহার সেগেছে দুই হাতে
তারি মতন শুচি বসন ছাড়ি
আয়রে ধূলায় পরে।—

মানুষের প্রতি এই যে ভালবাসার স্বর, জীবনের প্রতি বৈষ্ণব কবি-
 সুলভ দৃষ্টিভঙ্গী তাঁহার বিভিন্ন সময়ে বিভিন্ন কবিতার মধ্য দিয়ে ফুটে
 উঠেছে। জীবনের প্রতি তাঁর অসীম মমতা। রূপ-রস-গন্ধে-ভরা জগৎ তাঁর
 কাছে এক অপূর্ণ সম্পদ।—“মরিতে চাহিনা আমি স্নন্দর ভুবনে”—অথবা—“বৈরাগ্য
 সাধনে মুক্তি সে আমার নয়”—এই জাতীয় স্বরটা রবীন্দ্রকাব্যে একটা বিশিষ্ট স্থান
 অধিকার করে রয়েছে। কিন্তু এখানে মনে রাখতে হবে যে রবীন্দ্রকাব্যের বিশেষত্ব
 হচ্ছে—ইহার সমগ্রতা। রবীন্দ্রনাথ নানাভাবে, নানাস্বরে কাব্য রচনা করেছেন,
 প্রকৃতির কবিতা হ’তে আরম্ভ করে সকল প্রকারের কবিতা তাঁর কাব্যকুঞ্জকে ঘিরে
 রেখেছে। স্বতরাং কোন একটা বিশিষ্ট স্বর যে কতকখানি স্থায়ী হয়েছে তা বলা
 শক্ত। স্বরের পর স্বরের প্রবাহ এসেছে ও চলে গেছে—এই বৈষ্ণব স্বর তারই একটা
 স্বর। এই স্বরটি ‘ভানুসিংহের পদাবলী’তে কিছুক্ষণ স্থায়ী হয়েছে—তা’ ছাড়া এই স্বরটা
 বিভিন্ন সময়ে বিভিন্ন কবিতার ভিতর আত্মপ্রকাশ লাভ করেছে। কিন্তু বৈষ্ণব
 কবিতার প্রধান বৈশিষ্ট্য হচ্ছে তার একাগ্রতা। নানাছন্দে নানাভাবে বৈষ্ণব কবির
 পদাবলীর সৃষ্টি করেছেন, কিন্তু তাদের ভেতর একটা ভাবই বিরাজ করেছে,—
 নায়ক-নায়িকার পূর্বরাগ, মান, প্রেমবৈচিত্র্য প্রবাস প্রভৃতি ভাবের বর্ণনা। বৈষ্ণব
 কবিতা যেন একটা বীণা—তাতে ঝঙ্কার দিচ্ছেন বৈষ্ণব কবি। উহার ছোটো ছোটো
 তারে ঝঙ্কার তুললেও একটা স্নন্দর ঝঙ্কারেরই সৃষ্টি হয়, সেরূপ সামান্য বিভিন্নতা
 প্রকাশ পেলেও মূল স্বরটা এক।

বৈষ্ণব সাহিত্যের প্রেমাদর্শ রবীন্দ্রনাথকে অন্তর্প্রাণিত করেছিল তাঁর অপরিণত
 বয়সেই। “Religion of man” গ্রন্থে তিনি ইহা বিশদভাবে লিপিবদ্ধ করেছেন—
 শুধু ভাব নয়, শুধু বৈষ্ণব প্রেমাদর্শ নয়, বৈষ্ণব কবিতার গীতিসম্পদ, শব্দব্যঞ্জনা,
 তাঁর তরুণ চিত্তে ভাবাবেগের সঞ্চার করেছিল। বৈষ্ণবের স্বতঃমধুর কবিতা হ’তে
 তিনি লাভ করেন অভূতপূর্ব আনন্দের প্রেরণা—এর মধ্যে তিনি পেলেন বিশ্বজগতের
 সহিত জীবজগতের চিরশাশ্বত মিলনের স্বর।—

They (Vaisnava poets) sang of a love that ever flows through numerous
 obstacles between man and Man the Divine, the eternal relation which has the
 relationship of mutual dependecnce for a fulfilment that needs perfect union of
 individuals and the Universal.

বিদ্যাপতি, চণ্ডীদাস প্রভৃতি কবিগণের স্বতঃমধুর স্বরের ব্যঞ্জনা তাঁর মনে যে
 আনন্দের ঝঙ্কার তুলেছিল, তার পরিপূর্ণ বিকাশ দেখতে পাই ভানুসিংহের পদাবলীতে—

যরণ রে শ্যাম তৌহরই নাম

চিরবিসরল যব নিরদর মাধব

ভুহঁ ন ভইবি মোর বাম।—

বিরহবিধুর অন্তরের দুঃখ ঠিক এমনভাবে প্রকাশ করেছেন—জয়দেব, বিদ্যাপতি, চণ্ডীদাস প্রভৃতি বৈষ্ণব কবিগণ—

মম মরণের বরমতিরিতথকেতনা,
কি মিহি বিম্বাসি বিরহানল চেতনা।

দয়িত আমার অভিসারে এল না, স্তব্ধ আমার যত্নাই শ্রের। বিরহানল
কেন আর সহ করি, অথবা—

হেমকর কিরণে নলিনী যদি জাবর
কি করব মাধবিনাসে
অঙ্কুর তপন তাপে যদি জাবর
কি করব বারিদ মোহে।

কবির ‘জীবনদেবতার’ অন্তর্গত কবিতাগুলি আলোচনা করিলে এই বৈষ্ণব সুরটা
অনুভূত হয়। কবির জীবনদেবতার প্রাণ প্রতিষ্ঠা হয়েছে কবির অন্তরের
অন্তস্তলে।—

বৈষ্ণব কবির নারিকার মতই কখনও তিনি বিরহবিধুর হয়েছেন। প্রিয়তম
কখন এসেছিল অভিসারে, কিন্তু ঘুমে অচেতন ছিলেন বলে দয়িত ফিরে গেছে—
সেইজন্য কবির আত্মবিলাপ করণ সুরে ধ্বনিত হয়ে উঠেছে। বৈষ্ণব কবির বিরহের
সুরটার সাথে এর অপূর্ণ সামঞ্জস্য রসগ্রাহী মনকে ভাবাপ্ত করে তোলে।

আবার যখন কবির অন্তরে

পাগল হইয়া বনে বনে ফিরি
আপন গঞ্জে মম
কস্তুরী যুগসম—

যখন এই অনুভূতি গাঢ় হয়ে উঠলো তখন কবি জিজ্ঞাসা করলেন—কে তুমি?

কো তুঁহঁ বলবি মোর
হৃদয় মমু জাগনি-অনুখন
জীব উপর তুঁহঁ রচলাহি আসন
অরণ্য নয়ন তব মরম সঙ্গে মম
নিমিখন অন্তর হোর
কো তুঁহঁ বলবি মোর।

কবি যখন উপলব্ধি করলেন দয়িতের সত্তা নিজের অন্তরে, তখন তিনি গেয়ে
উঠলেন—

তোমারেই ভালবাসিয়াছি যুগে যুগে অনিবার।

তখনই বৈষ্ণব নায়িকার মত তাহার অন্তরে উল্লাসের আবির্ভাব হলো। তিনি দয়িতকে আহ্বান করলেন—

তুমি এস নিকুঞ্জ নিবাসে

এস মোর সার্থক সাধনা।

নিজেকে দয়িতের কাছে বিলিয়ে দিয়ে প্রশ্ন করলেন—হে অন্তরতম দেবতা আমার, আমার সকল সত্তাকে পেয়ে তুমি কি তৃপ্ত হয়েছ?

ওহে অন্তরতম

মিটেছে কি তব সকল পিয়াস

আসি অন্তরে মম।

মিলন ও আত্মসমর্পণের সুর বৈষ্ণব সাহিত্যের বিশিষ্ট অঙ্গ। বিরহের পর যখন নায়ক-নায়িকার মিলন হলো তখন দয়িতের কাছে নায়িকা আত্মসমর্পণ করলেন—এই আত্মনিবেদন, এই আত্মোৎসর্গ হতেই নায়িকার আনন্দ। আত্মনিবেদনের এই সুরটির উদাহরণস্বরূপ একটি স্তবক উল্লেখ করা যেতে পারে—

মাধব বহু মিনতি করি তোয়।

দেই তুলসি তিল দেহ সমর্পলু

দয়া জহু ছোড়ি মোয়॥

ভক্তকবি দাদুর, তুলসীদাস—এঁদের মধ্যেও আত্মনিবেদনের এই বিশিষ্ট ভঙ্গীটির উপলব্ধি হয় ‘সকল কামনা বাসনার শেষ হয়েছে। হে শান্ত, অনাদিপুরুষ তোমার কাছে নিজের সত্তাকে বিলিয়ে দিয়েই আমার আনন্দ—আমার চরম শান্তি।’ বৈষ্ণব কবি রবীন্দ্রনাথের মধ্যেও দেখতে পাই বৈষ্ণবের এই সুরটা। ‘সকল অহঙ্কার, সকল আশা আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়েছে, তোমাতে আত্মনিবেদন করতে পারলেই আমার জীবনের পরম শান্তি লাভ হবে’—তাই,

আমার মাথা নত করে

দাও হে তোমার চরণ ধুলার তলে

সকল অহঙ্কার

হে প্রভু আমার

ডুবাও চোখের জলে।

বৈষ্ণব কবিতা আলোচনা করলে রবীন্দ্রকাব্যের সঙ্গে ইহার আরো কতকগুলি সাদৃশ্য দেখতে পাওয়া যায়। পৃথিবীর ক্ষুদ্রাদিক্ষুদ্র ধূলিকণার ভিতরও বৈষ্ণব কবি সন্ধান পেলেন রূপরসের। প্রকৃতির সৌন্দর্য্যে তাই বৈষ্ণবকবি আত্মহারা হলেন। তাই নায়কনায়িকার বিরহ মিলন কথার বর্ণনাপ্রসঙ্গে প্রকৃতির বর্ণনায় তাঁরা পঞ্চমুখ। নায়কনায়িকার বিরহের সঙ্গে প্রকৃতিরও যেন একটা সংযোগ রয়েছে। নায়কের বিরহে সমস্ত মথুরাপুরী শূন্য, সকলে বিষাদাচ্ছন্ন, সকল দশদিক বিষাদে মগ্ন।

বর্ষার দিনে বিরহের যে স্তর ফুটে উঠেছে, তা আরও বিবাদাচ্ছন্ন আরও
কল্পণ—

মস্ত দাহরী ডাকে ডাহকি

কাটি যাও ত ছাতিয়া.....

অথবা,

ঈ ভরা বাদর মাহ ভাদর

শূণ্য মন্দির মোর.....

রবীন্দ্রনাথও ছিলেন প্রকৃতির পূজারী। বিশ্বপ্রকৃতির সহিত তাহার অন্তরের যে নিগূঢ়
সম্বন্ধ ছিল তা নানাভাবে, নানা কবিতায় ভেতর ফুটে উঠেছে। পূর্বেই উল্লেখ করা
হয়েছে যে বিশ্বপ্রকৃতির সহিত মানবোচিত প্রবৃত্তির সম্পর্ক আছে—এ কথা রবীন্দ্রনাথ
বিশ্বাস করতেন। বিশ্বপ্রকৃতিতে মানব মানবীর স্খলুঃখ প্রভৃতি অন্তরের প্রবৃত্তিগুলি
আরোপ করা রোমাণ্টিক কবিদের লক্ষণ। বৈষ্ণব কবিরা এই হিসাবে রোমাণ্টিক,
কিন্তু রবীন্দ্রনাথের ভাবের ব্যাপকতা অনেক সুদূরপ্রসারী। নায়কনায়িকার সকল
ব্যথাকে, সকল অভিমান বিরহকে বিশ্বজীবনের সঙ্গে তিনি তুলনা করে দেখিয়েছেন।
এ জায়গায় রবীন্দ্রনাথ বৈষ্ণব কবিদের থেকে অনেক বেশী রোমাণ্টিক। তাঁহার
রোমাণ্টিসিজমের মধ্যে রয়েছে ভাবের ব্যাপকতা—কল্পনার প্রসারতা। প্রকৃতির
ঐশ্বর্যের প্রতি কবি এত সচেতন যে প্রকৃতির নব নব রূপের বর্ণনায় তিনি আত্মহারা
হয়েছেন। বৈশাখের রুদ্রমূর্ত্তি তিনি দেখেছেন, বর্ষার সজলধনমেঘের দল তাঁর কবি-
চিত্তকে আন্দোলিত করেছে। “নীল আকাশে সাদা মেঘের খেলা” দেখে কবি
আত্মহারা হয়েছেন। জ্যোৎস্নার প্রাবন তাঁহার চোখের সামনে রূপের প্রবাহের মত
বয়ে চলেছে, শালপিয়ালের বনে যে শ্রামলরূপের প্রবাহ চলেছে, অনিন্দ্যসুন্দর তার
রূপ। নববর্ষার তাঁর হৃদয় ময়ূরের মত নেচে উঠেছে, বাসন্ত ভ্রমরের গুঞ্জরণে
অপরূপ মাধুর্য্য ফুটে উঠেছে। ‘ভানুসিংহের পদাবলী’তে নায়িকার অভিসার সম্বন্ধীয়
একটা চিত্রে প্রকৃতির এই বর্ণনা রমণীয় হয়েছে—

গগণ সঘন অব তিমির মগন ভব

তড়িত চকিত অতি ঘোর মেঘরব,

শাল তালতরু সন্তয় সব,

পশু বিজ্ঞন অতি ঘোর,

একলি যাওব তুজ অভিসারে

যাকো পিরা তুহঁ কি ভয় তাহারে,

ভয় বাধা সব অভয় মূর্ত্তি ধরি

পশু দেখাওরে মোর।

বৈষ্ণব কবির ভাব ও ভাষার ভেতর দিয়ে যে চিত্রাঙ্কন প্রতিভা আমরা দেখতে পাই তা অতিশয় realistic বা বাস্তব। কিন্তু বর্ণনা মাধুর্য্যের রসে এবং বিষয়বস্তুর হৃদয়প্রিয়তার ফলে idealisms এর যে ছোঁয়াচ লেগেছে তাতে চিত্রগুলি অত্যন্ত সুন্দর হয়ে ফুটেছে।

উদাহরণ স্বরূপ বৈষ্ণব কবির কাব্য হ'তে প্রবন্ধের কলেবর না বাড়িয়ে একটা উদ্ধৃতি দিয়ে আলোচনা করা যেতে পারে।

মথুরাপুরীর বিষাদাচ্ছন্ন নায়কের বিরহে বৈষ্ণব কবি গাইলেন,—

শুভ্র ভেল মন্দির শুভ্র ভেল নগরী

শুভ্র ভেল দশদিশি শুভ্র ভেল নগরী।

পংক্তি দুইটির প্রত্যেকটি কথাই ঘেন-প্রাণবন্ত। স্থনিপুণ শিল্পীর নিপুণ তুলিকায় বিরহের চিত্রটি সুন্দরভাবে ফুটে উঠেছে। রবীন্দ্রকাব্যেও এই চিত্রাঙ্কন প্রতিভার পরিচয় পাই। কবি সূর্যাস্ত বর্ণনা করেছেন—

সন্ধ্যা আসে, নবমুখে খেলু শূন্য মাঠে

চিহ্নহীন পথ দিয়ে লয়ে স্বর্ণ ঝারি।

পশ্চিম সমুদ্র হতে লয়ে শাস্তি ঝারি।

সূর্যাস্ত বর্ণনার একটি সম্পূর্ণ চিত্র ফুটে উঠেছে। অথবা—

দিনের শেষে ঘুমের দেশে ঘোমটা পরা এই ছায়া

ভুলাল রে ভুলাল মোর প্রাণ।

ওপারেতে সোনার কূলে অঁধার মুখে কোন মায়

গেয়ে গেল কাজ ভাঙ্গান গান।

...

সন্ধ্যা আসে দিন যে চলে যায়

ওরে আর।

চিত্রটি অনিন্দ্যসুন্দর, কিন্তু কবির অন্তর্নিহিত গভীর ভাবটি এখানে লক্ষ্য করিবার বিষয়। নিরুদ্দেশ যাত্রার প্রয়াসী কবি প্রশান্ত নির্ভরতার অজানা মাঝির জন্ত অপেক্ষা করছেন। হৃদয়ের চঞ্চলতার অবসান হয়েছে— আছে অমুভূতির প্রশান্ত নির্ভরতা।

বৈষ্ণব কবির কাব্যে এই প্রশান্ত ভাবটি স্থানে স্থানে সুন্দর ভাবে ফুটে উঠেছে— তার সঙ্গে এই কবিতাটি তুলনীয়। বৈষ্ণব কবিতার technique বা আঙ্গিকের দিক দিয়ে বিচার করলে সবচেয়ে বড় জিনিষ যা চোখে পড়ে—তাহা উহার গীতিশৈলী। ইহা ছাড়া বৈষ্ণব কবিতার আর একটি বিশেষত্ব এই যে উহা ব্রজবুলিতে লেখা। আঙ্গিকের দিক দিয়ে বিচার করতে গেলে দেখা যাবে যে এই দিক হ'তে বৈষ্ণব

কাব্যের সহিত রবীন্দ্রকাব্যের একটা পার্থক্য আছে। উহাকে গঠনমূলক পার্থক্য বলা যেতে পারে। রচনাপদ্ধতির দিক হ'তে একমাত্র 'ভানুসিংহের পদাবলী' ছাড়া আর কোনো কাব্যেই রবীন্দ্রনাথ ব্রজবুলি ব্যবহার করেন নাই। 'ভানুসিংহের পদাবলী' সম্পূর্ণভাবে বৈষ্ণব প্রভাবের ফলে রচিত। স্তবরাং উহার রচনা পদ্ধতিতেও ব্রজবুলির সাহায্য নেওয়া হয়েছে। কিন্তু একটু চিন্তা করলেই দেখা যাবে যে বৈষ্ণব কবিতার যে lyric বা গীতিধর্ম তা রবীন্দ্রকাব্যে সম্পূর্ণ বিত্তমান। 'গীতিমালা', 'গীতাঞ্জলি', 'খেরা' প্রভৃতি সকল কাব্যে যা প্রাণসঞ্চার করেছে তা এই গীতিধর্ম। স্তবরাং এইখানে রবীন্দ্রকাব্যে বৈষ্ণব প্রভাবটি সকল রসবেত্তার কাছে ধরা পড়ে।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে বৈষ্ণবকবিরা জীবনের জয়গান করেছেন। রবীন্দ্রনাথও তাঁদের সাথে জীবনের এই জয়গানের সুর মিশিয়েছেন। পৃথিবীর মানুষ অবহেলার জিনিস নয়। পৃথিবীর সকল ছোটো বড়ো বস্তুর ভিতর আত্মপ্রকাশ লাভ করেছেন বিশ্বদেবতা। গভীর আশা-নিরাশার পতন অভ্যুদয়ের মধ্য দিয়ে চিরসুন্দর হয়েছে বিশ্বদেবের আত্মপ্রকাশ। বৈষ্ণব কবিতা আলোচনা করলে এই সুরটি ধরা পড়ে। বৈষ্ণবদের মতে “শ্রীকৃষ্ণ রসস্বরূপ এবং রাধিকা তাঁহার প্রেমরস-মূর্তি—তাঁহার শক্তি”। নায়কের আত্মোপলব্ধির পরিপূর্ণ বিকাশ হয়েছে তখন যখন তার প্রেম বিকাশ লাভ করেছে নায়িকার ভেতর দিয়ে—সেইরূপ নায়িকার অভিব্যক্তি লাভ হয়েছে নায়কের মধ্য দিয়ে। নায়কনায়িকার বিরহ মিলন কথার ভেতর দিয়ে তাই আমরা দেখতে পাই যে এককে ছাড়িয়ে স্বতন্ত্রভাবে কেহ আত্মপ্রকাশ লাভ করতে পারে নাই। নায়িকা যেমন বলিয়েছে—“তোমার গরবে গরবিনী হাম, রূপসী তোমার রূপে”,—নায়কও তেমনি বলেছে—“তুমি মম ভূষণ, তুমি মম জীবনং, তুমি মম ভবজলধিরত্নম”। স্রষ্টার আত্মপ্রকাশ যখন হয় সৃষ্টির ভেতর দিয়ে সার্থক হয় তখন স্রষ্টার সৃষ্টি। রবীন্দ্রকাব্যে এই সুরটি প্রধান উপজীব্য বিষয়।—

তাই তোমার আনন্দ আমার পর
তুমি এসেছ নাচে
আমার নইলে ত্রিভুবনেশ্বর
তোমার প্রেম যে হত মিছে।

বিশ্বদেবতা ও জীবের মধ্যে এই যে মিলন ইহা অবিনাশী। সৃষ্টিকে ছাড়া স্রষ্টার কোনো স্বতন্ত্র অভিব্যক্তি নাই—

যেদিন তুমি আপনি ছিলে একা
আপনাকে ত হয়নি তোমার দেখা।

‘কিন্তু আমি তোমার সৃষ্টি, আমি যখন আসলাম সেদিন তোমার আত্মপ্রকাশ হৃদয়
ও সার্থক হয়ে উঠলো।’—

আমি এলাম তাই তো তুমি এলে,

আমার মুখ চেয়ে

আমার পরশ পেয়ে

আপন পরশ গেলে।

সৃষ্টি ও স্রষ্টার এই যে অঙ্গাদী সম্বন্ধ ও তার হৃদয় আত্মবিকাশ—ইহা রবীন্দ্রকাব্যে এক
অপূর্ব স্বর আনিয়া দিয়াছে। তাহার বিশ্বদেবতা ধরা দিয়াছে মানুষ্যের মধ্যে,
অসীম ধরা দিয়েছে সীমার মধ্যে—রৌদ্রমাথানো অলস বেলায় ও তরুণমর্মে। বজ্রে
তার বাঁশী বাজে—কবি তা শুনেছেন।

মিষ্টিক কবিদের আর একটি লক্ষণ যে তাঁরা মরণকে জীবনের শেষ বলে মনে
করেন না। মরণকে নবজীবনের অগ্রদূত বলে মনে করেছেন। মরণ তাই বৈষ্ণব
কবির কাছে ‘বঁধু’। রবীন্দ্রনাথের মৃত্যু সম্বন্ধেও তাই ধারণা। তাই তিনি বৈষ্ণব
স্বরে স্বর মিলিয়ে গেয়েছেন—

মরণ রে তুঁহ’ মম স্থান সমান।

প্রেমের কবিতাই বৈষ্ণব সাহিত্যের প্রাণ। নায়কনায়িকার বিরহমিলনের নানা-
ভাবে বর্ণনা করেছেন বৈষ্ণব কবি। বিদ্যাপতির অপূর্ব বর্ণন ভঙ্গিমা, গোবিন্দদাসের
গভীর অন্তর্ভূতি ও চণ্ডীদাসের উদাত্ত স্বর সর্বোপরি বৈষ্ণব প্রেম রবীন্দ্রনাথের কবি
মনে অন্তর্প্রেরণার সঞ্চার করেছিল।

কিন্তু রবীন্দ্রনাথের সাথে বৈষ্ণব প্রেমাদর্শের খানিকটা পার্থক্য দেখতে পাওয়া
যায়। রবীন্দ্রনাথের হাতে বৈষ্ণবের প্রেমাদর্শটি একটি নূতন রূপে রূপায়িত হয়ে ওঠে।

বৈষ্ণব কবিতার বর্ণনার বিষয় রাধা ও কৃষ্ণের প্রেম ও বিরহ। স্বতরাং এর
ওপর ভিত্তি করে যে প্রেমের কবিতার সৃষ্টি হয়েছে, তা কতকটা সীমাবদ্ধ হয়ে পড়েছে।
বৈষ্ণব কবি রাধাকৃষ্ণের প্রেমে তন্ময় হয়ে গেছেন—তাই ভাবাবেগে তার কণ্ঠে যে
স্বরের সৃষ্টি হলো তা অনবত্ত ও নিখুঁত হলেও তাবের ব্যাপকতার দৈন্ত তার ভিতর
স্পষ্ট দৃষ্টিগোচর হয়। বৈষ্ণব কবির কণ্ঠে যে ‘প্রেমের স্বরকণা জন্মলাভ করেছে,
তার জন্ম একাগ্রতার ভিতর, তন্ময়তার ভেতর—ব্যাপকতার ভেতর নয়’। নায়ক-
নায়িকার হৃদয়ান্তিমুখ ভাবকে, অন্তরের নিগূঢ়তম প্রদেশের তুচ্ছ ভাবকে রূপায়িত করতে
যেয়ে, ইহারা ভাবের ব্যাপকতা আনতে পারেন নাই। তাই তাদের নায়কনায়িকার
সহিত বিশ্বজীবনের আদৌ সংযোগ নাই। আর এই জন্তই বৈষ্ণবপ্রেম খানিকটা
একাগ্র হয়ে পড়েছে। কিন্তু রবীন্দ্রমন ব্যাপকতার প্রয়াসী। এমনি শাখত ও

সুন্দর প্রেমের সুর যে ব্যাপকতার অভাবে ছষ্ট হবে তাহা কবিমনকে পীড়িত করেছে। তাই তিনি বৈষ্ণবকবিস্বলভ প্রেমের তন্ময়তার সাথে ব্যাপকতার ও গভীরতার একটা মিলন করিয়ে দেবার চেষ্টা করেন। বৈষ্ণব কবির রচনার কোনো বিশিষ্ট ভঙ্গীকে অনাদর করেন নাই। পূর্বরাগ, বিরহ মিলন ইহার প্রতিটি সুর—তাহার বিভিন্ন সময়ের লিখিত কবিতার ভেতর ফুটে উঠেছে। ভাবের গভীরতা ও অল্পভূতির তীব্রতা তাঁর এই বর্ণনভঙ্গীতে অপূর্ণ সৌন্দর্য্য এনে দিয়েছে। তাই আমরা রবীন্দ্রকাব্যের প্রেমিককে দেখতে পাই বিশ্বপ্রেমিক হিসাবে। প্রেমিক প্রেমিকার বেদনা তাই তিনি তুলনা করছেন বিশ্ববেদনার সাথে—নায়কনারিকার অন্তরের ভাবের সাথে সমগ্র বিশ্বপ্রকৃতির একটা গভীর সম্বন্ধ রয়েছে। প্রকৃতিতে যেন একটি প্রেমের প্রবাহ চলেছে। বিশ্বজীবনের প্রতি বৈষ্ণব কবির দৃষ্টি ভঙ্গীট রবীন্দ্রনাথের মত তত ব্যাপক ছিলনা, তাই এই সুরটি বৈষ্ণব কাব্যে প্রভাব বিস্তার করতে পারে নাই। রবীন্দ্রকাব্যের প্রেম ও বৈষ্ণব কাব্যের প্রেমের অনৈক্যের আর একটি কারণ রয়েছে। রাধাকৃষ্ণের বিরহ মিলনকে বৈষ্ণব কবির ধর্ম বলে মনে করেছেন। তাই রাধাকৃষ্ণের লীলাগানে তাঁরা তন্ময় হয়ে গেছেন। রবীন্দ্রনাথ এই পূজার দর্শক মাত্র। সমালোচকের মত তিনি যাচাই করে দেখতে চেয়েছেন বৈষ্ণবের এই আদর্শকে। কবি প্রশ্ন করেছেন—

শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান ?

পূর্বরাগ, অনুরাগ মান অভিমান,

অভিসার প্রেমলীলা বিরহ মিলন,

বৃন্দাবন গাথা.....

—একি শুধু দেবতার ? এ সঙ্গীতরসধারা নহে মিটাবার দীন মর্তবাসী এই নরনারীদের প্রতি রজনীর আর প্রতি দিবসের তপ্ত প্রেম-তৃষা ?

বৈষ্ণব কবিতা যে যুগে জন্মলাভ করেছিল, যে পারিপার্শ্বিক ও ভাবধারার মধ্যে জন্মলাভ করেছিল,—রবীন্দ্রযুগে তার অনেক পরিবর্তন হয়েছে। সুরাং রবীন্দ্রনাথ যে খানিকটা অত্র দৃষ্টিভঙ্গী দিয়ে দেখবেন তাতে আশ্চর্য্য হবার কিছুই নেই।

মনে রাখতে হবে রবীন্দ্রনাথ বৈষ্ণব প্রেমের সুরকে অমর্যাদা দেননি। বৈষ্ণব প্রেমের সুর ও রবীন্দ্রপ্রেমের সুরের ভাবগত সাদৃশ্য আছে। বৈষ্ণবের সুরটি রবীন্দ্রনাথের মনে দোলা লাগিয়েছিল—তাই তিনি তার স্বভাবস্বলভ অল্পভূতির ব্যাপকতা ও ভাবের গভীরতা উহাতে আরোপ করেছেন। সুরাং যে বৈসাদৃশ্যটি চোখে পড়ে তা দৃষ্টিভঙ্গীর—ভাবের বা সুরের নহে।

ছোটো গল্প ও রবীন্দ্রনাথ

শ্রীমুখিমল ঘোষ

চতুর্থ বর্ষ—বিজ্ঞান

বাংলা সাহিত্যক্ষেত্রে ছোটো গল্পের আবির্ভাব খুব বেশী দিনের কথা নয়। বিরাট কাব্য বা মহাকাব্য এবং স্বদীর্ঘ উপন্যাস বা নাটক বহুকাল মানুষের মনোরঞ্জন করে এসেছে। বিংশ শতকের কর্ম-চপল মানবজাতি সব সময়ে বিরাট গ্রন্থে মনঃসংযোগ করবার সময় করে উঠতে পারে না; অথচ তার চিত্তবিনোদনের জন্ত কিছু ব্যবস্থাও করতে হবে—ছোটো গল্প মানুষের এই প্রয়োজন পরিপূর্ণ করে দিয়েছে। অল্পপরিসর গভীর মধ্যে বিচরণ করে মানুষ জ্ঞানের আন্ধান লাভ করেছে।

একটু গুঁড় শিশিরবিন্দু যেমন তার ক্ষুদ্র বক্ষস্থানিতে অনন্ত আকাশের স্নিগ্ধ চন্দ্ৰিমা প্রতিকলিত করে থাকে, ক্ষুদ্র একটি জুঁই ফুলের স্বপ্না যেমন মানুষের চিত্তে বিরাট উত্তানের সৌরভ বহন করে আনে, সেক্ষেপে শক্তিমান লেখকের ক্ষুদ্র গল্পেও সাহিত্য-কাননের বিচিত্র সৌন্দর্য নিহিত রয়েছে। আকারে ক্ষুদ্র হয়েও তা ভাব জগতে অসীম হতে পারে। উপন্যাসের ব্যাপকতা ও বৃহৎ পরিধি এতে নেই; ছোটো গল্প তাই বাহ্য-বর্জিত এবং তার মধ্যে বিচিত্র চরিত্রে নানাবিধ ঘটনার ঘাত-প্রতিঘাত নেই। এই বিষয়ে উপন্যাসের সংগে ছোটো গল্পের বিশিষ্ট প্রভেদ। উপন্যাসের নায়ক-নারিকা নানাবিধ ঘটনার আবর্তে পড়ে দীর্ঘকাল পরে জয়ী বা ব্যর্থমনোরথ হয়ে থাকে। এই নায়ক বা নারিকার চরিত্র ফুটিয়ে তোলবার জন্ত আরো অনেক চরিত্রের প্রয়োজন হয়। কিন্তু ছোটো গল্পে বহু চরিত্রের সমাবেশ করবার স্বযোগ নেই। একটি মাত্র ভাব বা ঘটনাকে কেন্দ্র করে ছোটো গল্প অগ্রসর হয়ে থাকে এবং এর আরম্ভ ও উপসংহার—উভয়ের মধ্যে একটা বিশেষ রকমের নাটকোচিত গুণের সন্নিবেশ থাকে। স্নেহ-ক্ষুধাতুর পিতৃহত্যার ব্যাকুলতা “কাবুলী-ওয়ালা” গল্পটিতে অক্ষয়, অমর হয়ে রয়েছে; এখানে রহমতের চরিত্রের অপরাধ কোনদিকে দৃষ্টিপাত করবার পাঠকের কোনোই প্রয়োজন নেই। আবার, অল্পকথা দেবীর স্বরূপ “মা” উপন্যাসস্থানিতেও এরূপ পিতৃস্নেহ ও সন্তানবাৎসল্যই সর্বপ্রধান বিষয়বস্তু। উপন্যাস বলেই এখানে বিচিত্র ঘটনার সমাবেশ এবং আরো বহু চরিত্রের সংযোগ করার প্রয়োজন হয়েছে।

ছোটো গল্পে ভক্তি, করুণ, হাস্য বা বীভৎস—যে কোনো রসই চিত্রিত করা যেতে পারে। স্বদীর্ঘ উপন্যাসের উপসংহার পাঠ করে পাঠকের হৃদয় কোমল অথবা

চক্ষু হয়ত আর্দ্র হয়ে ওঠে ; ছোটো গল্পেও ঠিক ঐরূপ কোন ভাবাবেগের সৃষ্টি হয়ে থাকে। “আপদ” গল্পের নীলকান্তকে অথবা “দিদি” গল্পের নীলমণিকে অবলম্বন করে সুদীর্ঘ উপভাস রচনা করা যেত। যাত্রার দলের কিশোর-বয়স্ক ছেলোটাকে নিয়ে নানা ঘটনা বিপর্যয়ের মধ্য দিয়ে বিশ্বকবিতাকে প্রৌঢ়তা বা বার্ধক্যের প্রান্তে পৌছিয়ে দিতে পারতেন ; সেরূপ, ক্ষুদ্র নীলমণিও দিদির সহায়তার বেড়ে উঠে হয়ত কালক্রমে কোনো প্রতাপশালী জমিদাররূপে উপভাসের নায়ক হ’তে পারত। কিন্তু ছোটো গল্পে আমরা যতটুকু তাদের পরিচয় পেয়েছি, ততটুকুই যথেষ্ট। বিজন অন্ধকারে কোথায় নীলকান্ত মিলিয়ে গেল, রবীন্দ্রনাথ তাঁর কোনো সম্মান দেননি, কিন্তু গল্পটি পাঠ করে পাঠকমাত্রই তাঁর জন্তু সহানুভূতিসম্পন্ন হবেন। আবার, ম্যাজিষ্ট্রেট সাহেবের অহুকা লাভ করে নীলমণি ভবিষ্যতে কতদূর উন্নত হল, আমরা তা জানবার জন্তু মোটেই উৎসুক নই, কিন্তু যে মহীয়সী নারী স্বামীর প্রতি শ্রদ্ধা ও ভ্রাতার প্রতি স্নেহের বিকট সংঘর্ষে হৃদয়ের মহত্ত্ব প্রকাশ করল, তার চরিত্র-চিত্রন দেখেই আমরা পরিতুষ্ট !

মিশরের হু হু পিরামিড অথবা আগ্রার মর্মর-সৌধ তাজ স্থাপত্যশিল্পের চরম নিদর্শন বটে ; আবার সামান্য কয়েকটি রেখার সম্পাতে রং-এর আলপনায় যে ক্ষুদ্র চিত্রখানি শিল্পীর মানস-লোক থেকে বহির্গত হয়ে মানুষের দৃষ্টিসম্মুখে উদ্ভাসিত হয়, তাও অপূর্ব সুন্দর ! শ্রেষ্ঠ ঔপন্যাসিকগণ ভাব-জগতে হয়ত পিরামিড নির্মাণ করেছেন ; আর শ্রেষ্ঠ কথাশিল্পীগণ ছোটো গল্পে সুন্দর চিত্রের মাধুর্য দান করেছেন ; গগনের রবি বিশ্বের সর্বত্র আপনার কিরণজালে উদ্ভাসিত করে থাকে, সেরূপ বিশ্বকবি রবীন্দ্রনাথও সাহিত্যের সমুদ্রয় ক্ষেত্রে তাঁর অতুলনীয় প্রতিভার কিরণমালা বিস্তারিত করে দিয়েছেন। আগেই বলেছি, ছোটো গল্প বলে কিছু আমাদের বাংলা সাহিত্যে ছিল না। রবীন্দ্রনাথের আবির্ভাবের পূর্বে অল্প দু’একজন কদাচিৎ কখনো ছোটো গল্প লেখার প্রবৃত্ত হয়েছিলেন। কিন্তু “বাংলা সাহিত্য আজ যে ছোটো গল্পের সম্ভারে সমৃদ্ধ, যে সমৃদ্ধি পৃথিবীর যে কোনো দেশের ছোটো গল্পের সমৃদ্ধির পাশে কুণ্ঠাহীন গৌরবে স্থান পাবে—সেই ছোটো গল্প আমাদের সাহিত্যে ছিল না। রবীন্দ্রনাথই তার স্রষ্টা এবং তিনিই এটিকে পরিপূর্ণ গৌরবে গৌরবান্বিত করে গিয়েছেন”। যখন তিনি ছোটো গল্প লিখতে প্রথম প্রয়াসী হন, তখন বাংলাভাষীর সমাজের ঘটনা-বৈচিত্র্যের একান্ত অভাবের কথা স্মরণ করে জনৈক বিজ্ঞ ব্যক্তি এই মত প্রকাশ করেছিলেন যে, আমাদের সমাজে বহু উৎকৃষ্ট গল্পের উপাদানের অভাব অল্প দিনেই অল্পভূত হবে। এই মত যে কি পরিমাণে ভ্রান্ত, তা রবীন্দ্রনাথের বহু বিচিত্র ধরণের ছোটো গল্প পাঠ করলেই সম্যকরূপে বোঝা যাবে। শ্রদ্ধেয় অধ্যাপক

শ্রীশ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়ের ভাষায়, “আমাদের এই বাহ্যতঃ তুচ্ছ ও অকিঞ্চিংকর জীবনের তলদেশে যে একটি অশ্রু-সজল ভাবধন গোপন প্রবাহ আছে রবীন্দ্রনাথ আশ্চর্য স্বচ্ছ অনুভূতি ও তীক্ষ্ণ অন্তর-দৃষ্টির সাহায্যে সেগুলিকে আবিষ্কার করিয়া পাঠকের বিস্মিত মুখে দৃষ্টির সম্মুখে মেলিয়া ধরিয়েছেন। আমাদের যে আশা-আকাংক্ষা বহির্জীবনে বাধা পাইয়া বাহ্য বিকাশের দিকে প্রতিহত হইয়া অন্তরের মধ্যে মুকুলিত হয় ও সেখানে গোপন মধুচক্র রচনা করে, রবীন্দ্রনাথ নিজ ছোটো গল্পের মধ্যে তাহাদিগকে সম্পূর্ণরূপে বিকশিত হইবার অবসর দিয়াছেন। তাঁহার গল্পগুলি আমাদের কর্ণে এই আশার বাণী ধ্বনিত করে যে, আমাদের বিষয়-দৈন্ত ও বৈচিত্র্যহীনতার জন্ত আমাদের কুণ্ঠিত হইবার কারণ নাই, আমাদের রস-সম্পদের কোনো অভাব নাই—অভাব কেবল স্মৃষ্টি দৃষ্টির ও কবিত্বপূর্ণ অনুভূতির।”

রবীন্দ্রনাথের “গল্পগুচ্ছ”-এর পাঁচটি ভাগ কাব্যলক্ষ্মীর কণ্ঠে পাঁচ বছরের মত শোভা পাচ্ছে। এগুলিতে সব রকম ভাবই অতি সূক্ষ্মর ফুটে উঠেছে। “কাবুলীওয়ালার”, “ক্ষুধিত পাষণ”, “পোষ্ট-মাষ্টার”, “ঠাকুর্দা”, “অনধিকার প্রবেশ”, “অতিথি”, “একরাত্রি”, “নষ্ট-নীড়” প্রভৃতি গল্প বঙ্গ-সাহিত্যের কৌস্তভ-মণি। রবীন্দ্রনাথের কয়েকটি গল্প বা গল্পের চরিত্র সাহিত্য-ক্ষেত্রে প্রবাদের মত চিরস্থায়ী হয়ে রয়েছে। কয়েকটা উদাহরণ দিয়ে এই প্রবন্ধের সমাপ্তি করি।.....রহমতের কথা চিন্তা করে আমরা সকলেই একবার পঞ্চচারী কাবুলীওয়ালাদের প্রতি কুতূহলী দৃষ্টি নিক্ষেপ করে থাকি না কি?.....“ঠাকুর্দা”র কৈলাশবাবুর কথা পড়তে পড়তে বাংলার অভিজাত সম্প্রদায়ের বিগত দিনের কাহিনী স্বভাবতঃই মনে পড়ে যায়।.....আধুনিক জগতে ভূতপ্রেতে বিশ্বাস করাটা একটা লজ্জাকর ব্যাপার। আচ্ছা, আপনাই বলুন, “ক্ষুধিত পাষণ”-এর বিশীর্ণ নরককাল কি এক দুর্জয়ের রহস্যময় জগতের সন্ধান বলে দেয় না?.....“ফেল” শব্দটা ছাত্রমহলে অনেক সময় এ্যাটম্ বোমার মত ফেটে পড়ে জানতুম। ছাত্র-জীবনের পরীক্ষা-ভীতি অনেক সময় এ ছুটি অক্ষর মাঝে পর্যবসিত হয়ে কতই না ক্লেশ ও বিড়ম্বনার সৃষ্টি করে। আর শুধু ছাত্র-জীবনেই বা কেন, সাংসারিক জীবনেও নানাবিধ পরীক্ষার ব্যর্থতা ও নিষ্ফলতা মানুষ এ ছুটি অক্ষরের সাহায্যে সংক্ষেপে কিন্তু অতি মর্মাস্তিকরূপে ব্যক্ত করে থাকে। কিন্তু ‘ফেল’-এর একটা কৌতুকময় সত্তা যে মধুর পরিণয় ব্যাপারেও থাকতে পারে, তা রবীন্দ্রনাথের “ফেল” গল্পটি না পড়া পর্যন্ত আমরা ধারণাও করতে পারি না।.....এখনো পল্লীগ্রাম অঞ্চলে ধোঁজ করলে ‘জয়কালী’র সন্ধান মেলা সম্ভব, যদিও সর্বজীবে স্নেহশালিনীর চিত্র সত্যিই অহুর্ভাব।.....“রাজটাকা”র ব্যাংক-রসে উপাধি-লোলুপ বহু বংগবাসীর, তথা

ভারতবাসীর, এক হাত্তকৌতুকময়, কিন্তু অতি বাতাবিক, চিত্র ফুটে উঠেছে।.....
এমনি উদাহরণ আরো কত।

এখানে কেবল রবীন্দ্রনাথের ছোট গল্পনিচয় থেকে চয়ন করে কয়েকটা উদাহরণ দিলাম। এ ছাড়া বহু শাখা-উপশাখাবিশিষ্ট রবীন্দ্র-সাহিত্যের অন্ত্যন্ত দিক ত আছেই। কিন্তু তা এ প্রবন্ধের আলোচ্য বিষয় নয় বলে সেখান থেকে উদাহরণ দিতে বিরত রইলাম। পরিশেষে আমরা কেবল এইটুকুও মন্তব্য করতে পারি যে, রবীন্দ্রনাথ—কবিতা লিখনে যার অতি অসাধারণ ক্ষমতা—গল্পের মায়ালোক সৃজনেও তিনি অপক্লপ বাতুকর!

কলা ও বিজ্ঞানের গোড়ার কথা

শ্রীদিলীপকুমার সরকার

দ্বিতীয় বর্ষ—বিজ্ঞান

কলা ও বিজ্ঞান—এ দুটোর কোনোটার সঙ্গেই আমি পুরোপুরি জড়িত নই, অন্ততঃ থাকতে চাইনা। আমি কবি নই, কিন্তু কবিতা বা গান আমার ভাল লাগে; আমি বৈজ্ঞানিকও নই, তবু বিজ্ঞানের আলোচনায় আমি আনন্দ পাই। মোট কথা, কলা ও বিজ্ঞানের চিরবিরোধিতার মাঝখানে আমি মৈত্রীর শুভ-পতাকাবাহক।

Art ও Science উভয়েরই উৎপত্তি মানুষের মনে; তবুও এদের মধ্যে একটা মূলগত বৈষম্য থেকে গেছে—যেটা প্রথমেই আমাদের চোখে পড়ে। সে কথা পরে বলছি। ভেবে দেখলে, প্রকৃতপক্ষে, ‘আর্টের’ গণ্ডী অতি বিশাল; বিজ্ঞানও শেষ পর্যন্ত তার বিশেষ সত্তা হারিয়ে ফেলে এই গণ্ডীর মধ্যে এসে পড়ে। সেই চরম অবস্থার কথা চিন্তা করলে বেশ বোঝা যায়, বিজ্ঞান ‘আর্টের’ই রূপান্তর; ‘আর্টের’ জমিতেই বিজ্ঞানের ফসল ফলোছিল। কিন্তু এখন বিজ্ঞান চার ‘আর্টের’ থেকে তার বিশেষত্ব প্রতীয়মান করতে। একথা সত্যি যে, বর্তমানে কলা ও বিজ্ঞানের মধ্যে যথেষ্ট প্রভেদ এসে পড়েছে। কিন্তু আমি বলি, বিজ্ঞানের মূল ভিত্তি ছিল ‘আর্টের’ ক্ষেত্রেই। বিজ্ঞান যদি চার সে কথা না মানতে, তবে ব্যাপারটা দাঁড়াবে—ডায়উইনের ধিষ্যেয়ীর বিরুদ্ধে মানুষের বিদ্রোহ করার চেষ্টার মতন। বানর এবং মানুষের মধ্যে এখন অনেক তফাৎ থাকলেও তারা একই পূর্বপুরুষের বংশধর। তেমনিই কলা ও বিজ্ঞানের মূলও অভিন্ন।

জগতে প্রথমে এসেছিল ‘আর্ট’। মানুষ যখন সেই প্রাগৈতিহাসিক যুগের প্রথমে বনে বাস করত, তখন সে কলা বা বিজ্ঞান কিছুই খোঁজ রাখত না। কারণ, তখনও মানুষ ছিল অনেকাংশে পশু; কোন রকমে জীবনধারণ করাই ছিল তার সব চেয়ে বড় কথা। তার পরে ক্রমে ক্রমে, সেই বস্ত্র মানুষের মধ্যে যখন প্রকৃত মনুষ্যত্বের বিকাশ আরম্ভ হ’ল, যখন বুদ্ধি-বৃত্তির কিছুটা উন্মেষের সঙ্গে সঙ্গে তার চিন্তার ক্ষেত্রও প্রসারিত হ’তে লাগল, সেই সময় মানুষ তার জন্ম-মৃত্যুর সীমানার বাইরের জগৎটাকে নতুন করে, নতুন দৃষ্টিভঙ্গীতে দেখতে শিখল।

সেই দিনকার মানুষের কোন ইতিহাস যদি থাকত আমাদের কাছে, তবে আমরা দেখতাম, সে দিন কি করে মানুষের চিন্তাধারা বদলিয়ে গিয়েছিল, সেদিন কিভাবে মানুষ এক চির-নূতনের আভাস পেয়েছিল। ‘সেইদিন’ বলতে শুধু একটি বিশেষ দিনের কথা বলছি না; মানব জাতির একটি বিরাট, কোটি কোটি বছরের বিশেষ যুগের কথাই বলছি; যে যুগে মানুষ খুঁজে পেয়েছিল ‘আর্ট’কে তারই নিজের হৃদয়ের মধ্যে।

সে দিনকার মানুষের অবস্থা আমরা অনায়াসে ভেবে নিতে পারি। দৈনন্দিন জীবনে তখন মানুষ যা কিছু দেখত, তা’তেই সে হয়ত বিমুগ্ধ হয়েছিল, মনে একটা বিস্ময়ের সাড়া অনুভব করেছিল। সমুদ্রের বিরাট জলরাশি, আকাশের গাঢ় নীলিমা, প্রতিদিনের সূর্যোদয় ও সূর্যাস্তের ঘটা, আকাশের নক্ষত্ররাজি, বনের গাছপালা, ফুলফল, পশুপাখী—সবই যেন তার কাছে একদিন নতুন ঠেকেছিল; তার মনে একটা সৌন্দর্যের অনুভূতি জাগিয়ে তুলেছিল। এই সৌন্দর্যের অনুভূতিটুকুই ‘আর্ট’র গোড়ার কথা; এইখানেই বলা যায় ‘আর্ট’র জন্ম।

প্রকৃতির মধ্যে সেদিন মানুষ যে জাগ্রত সৌন্দর্যের আভাস পেয়েছিল, ভাবে ও ভাষায় তা’কেই মূর্ত করে তোলাবার জন্তে সে আত্মহারা হয়ে উঠেছিল। পাথরের গারে কোন রকমে দাগ কেটে সে চেষ্টা করেছিল তার নতুন অনুভূতিকে রূপ দিতে এমনি করেই সৃষ্টি হয়েছিল মানুষের আঁকা প্রথম ছবি—তার নিদর্শন আমরা দেখেছি বহুকালের প্রাচীন গুহার দেওয়ালে। আবার হয়ত, সৌন্দর্যের উদ্দীপনার আত্মহারা হয়ে মানুষ একদিন তার ভাষায় সেই প্রকৃতির কোমলতার ছন্দ মিশিয়ে ফেলেছিল। এখানে আমরা দেখি কবিতা বা গানের উৎপত্তি।

এই প্রসঙ্গে, আমরা সেই প্রাচীন দিনের একটি ঘটনা কল্পনার চোখে পরিষ্কার দেখতে পারি: রাত্রি প্রায় শেষ হয়ে গেছে; কিন্তু চারিদিকে অন্ধকারের ঘোর ভালভাবে কাটেনি। শুধু পূব-গগনে একটা গভীর লাল রঙের ছটা; টুকরো টুকরো মেঘগুলোকে কে যেন দিয়েছে অবীর মাখিয়ে। বৃক্ষশাখায় পক্ষীকুল চঞ্চল হয়ে উঠেছে; তা’দের কলকাকলীতে বনভূমি মুখর। ঠিক এমনি সময়, যখন সূর্যের

রক্তমাখা চক্ৰটি সবেমাত্র দেখা দিয়েছে, তখন বনের প্রান্তে এক গুহ-কেশ-শ্রদ্ধাধারী পুরুষ দু'হাত উর্ধ্বে তুলে সূর্যদেবের বন্দনায় প্রবৃত্ত হয়েছেন। লাল-রঙের আভা প্রতিকলিত হয়েছে তাঁর সর্বাঙ্গে ; তিনি উদাত্ত কণ্ঠে আবৃত্তি করে চলেছেন :—

“ও জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাত্ম্যতিম্।

ধ্বাস্তারিং সর্ষপাপয়ং প্রণতোহস্মি দিবাকরম্॥”

আমরা মনে করতে পারি, তখন প্রকৃতির পবিত্রতা ও সৌন্দর্যের সাথে বক্তার প্রাণের আবেগ এক সুরে মিশে গিয়েছিল ; তাই তাঁর কণ্ঠ হতে ঝরে পড়েছিল এই ছন্দের ধারা।

আমাদের মনে প্রশ্ন ওঠে, সেদিন কেন মানুষের মন এতটা চঞ্চল হয়ে উঠেছিল ; সে কেন কিছু খুঁজে পাবার জন্য এতটা মেতে উঠেছিল ? প্রাচীন মানুষের যখন জীবনধারণই ছিল একমাত্র লক্ষ্য, সেই জন্তে যা কিছু প্রয়োজন—তা'র সঙ্গে ত এই 'আর্টে'র কোন প্রত্যক্ষ সংযোগ ছিল না ! বেঁচে থাকার জন্তে শুধু জন্ম, আহার-সংগ্রহ ও আত্মরক্ষা—এই গুলিই ত ছিল তার পক্ষে যথেষ্ট ! তবে কেন মানুষ প্রকৃতির সৌন্দর্য উপলব্ধি করবার জন্তে পাগল হয়ে উঠেছিল ? এ প্রশ্নের উত্তর দেবে 'আর্ট' নিজে। আমরা শুধু এইটুকু বলতে পারি যে, মানুষের মনের ওপর এইখানেই 'আর্টে'র আধিপত্য, তার জয়জয়কার।

এইত গেল 'আর্টে'র জন্মের মূল কথা। বিজ্ঞানও এসেছিল ঠিক এমনি ভাবেই মানুষের মনকে অধিকার করে ; তবে 'আর্টে'র আবির্ভাবের পরে। জ্ঞান-বুদ্ধির প্রসারের সঙ্গে সঙ্গে মানুষ চাইল সব জিনিসের মূলীভূত কারণটাকে টেনে বার করতে। তখন সে আর শুধু বাহ্যিক সৌন্দর্য দেখে মুগ্ধ হয়েই রইল না, সব জিনিসের 'কেন'-টাকে জানবার জন্তে তার মন হ'ল অস্থির। শিশুর মতন নানা প্রশ্ন নিয়ে মানুষ ছুটল এটা-ওটার পেছনে ;—সূর্য ওঠে কেন ? রুষ্টি হয় কেন ? আকাশ নীল কেন ? নক্ষত্রগুলো জলে কেন ?—ইত্যাদি। এই 'কেন'র মধ্যেই হ'ল বিজ্ঞানের গোড়া পত্তন। সেদিন আজ থেকে বহু পিছনে পড়ে রয়েছে আজ বিজ্ঞানের বলে মানুষ প্রায় বিধাতার সমকক্ষ হয়ে উঠেছে। বিজ্ঞানের জয়রথ ছুটে চলেছে দিকে দিকে ; রুদ্র-দেবও তা'র জয়যাত্রার পথ থেকে সরে দাঁড়িয়েছেন, হার মেনে।

কলা ও বিজ্ঞানের মধ্যে সত্যিই একটা মূলগত বৈষম্য আছে। একটার উৎপত্তি মানুষের অন্তরে, অপরটার উৎপত্তি বাইরে। প্রথমটা স্বতস্ফূর্ত, দ্বিতীয়টা জোর করে টেনে আনা ; একটা শাস্তিময়, অতটা কর্মময় ; একটা কোমল, অপরটা কর্কশ। 'আর্ট' যোগায় মনের খোয়াক, বিজ্ঞান মেটার বাইরের প্রয়োজন। আর্টের মধ্যে সৃষ্টি ও

স্থিতি সমান ভাবে বর্তমান ; বিজ্ঞানে এ দু'টোর চেয়ে প্রলয়েরই প্রাধান্য বেশী। 'আর্টে'র ক্ষেত্র অসীম ; জগতের জানা-অজানার সীমানার বাইরেও তা' অনেক দূর পর্যন্ত বিস্তৃত। বিজ্ঞানের পরিধি সীমাবদ্ধ ; বাস্তবতার গণ্ডিকে ছাড়িয়ে একপা'ও তা'র যাবার অধিকার নেই। 'আর্টে'র ক্ষেত্রে মানুষের মনের অবাধ গতি ; সেখানে সে মুক্তপক্ষ বিহঙ্গ। বিজ্ঞানের বাঁধ স্পষ্ট ও স্তূচ্চ ; সেখানে মানুষ law আর theoryর শিকলে বাঁধা। 'আর্টে'র প্রেরণা সহজাত ; বৈজ্ঞানিক বুদ্ধি চেষ্টালভ্য। তাই, কোন লেখক বলেছিলেন—সেন্সপীয়ার যদি চেষ্টা করতেন, নিউটন হতে পারতেন, কিন্তু নিউটন শতচেষ্টা করলেও কোনদিন সেন্সপীয়ার হতে পারতেন না।

কবি যেখানে ফুলের গন্ধ ও সৌন্দর্য দেখে মুগ্ধ হয়ে কবিতা লেখেন, বিজ্ঞানী সেখানে এসে ফুলের গর্ব খর্ব করে প্রমাণ করে দেন, ফুল ভারী স্বার্থপর—কবিকে আনন্দ দেবার জন্তে তার গন্ধ বা সৌন্দর্যের স্রষ্টা হয়নি ; মৌমাছিকে ভুলিয়ে এনে নিজের প্রয়োজন মেটানই ফুলের একমাত্র উদ্দেশ্য। আবার, আকাশে গ্রহনক্ষত্রের আসা-যাওয়ার পথে চেয়ে কবি যখন বিস্মিত হয়ে কোন ঐশ্বরিক শক্তির কথা কল্পনা করেন, তখন বৈজ্ঞানিক অতি সহজভাবে 'Law of Gravitation' বা 'Theory of Relativity' আওড়ে যান। কবি-বৈজ্ঞানিকের বোঝাপড়া চলতে থাকে।

তবু একে অস্ত্রের ওপর নির্ভরশীল। দৈনন্দিন জীবনের কথা ছেড়ে দিলেও, 'আর্ট ও সায়েন্স' পরম্পরের সঙ্গে ওতঃপ্রোত ভাবে জড়িত। বৈজ্ঞানিকের চিন্তাধারা কাজকর্ম, এসবের মধ্যেও অনেকখানি 'আর্ট' লুকিয়ে রয়েছে। অন্ততঃ বিজ্ঞানের তথ্যগুলো ভাল করে বুঝতে গেলে বা বোঝাতে গেলেও 'আর্ট'কে একেবারে বাদ দিলে চলেনা। অতীতকালে, কবির কবিতার এবং শিল্পীর শিল্পের মধ্যেও আছে বিজ্ঞান। 'আর্টে'র যে প্রকাশভঙ্গী, সেইটাই তার একটা মস্ত বড় Science। সেই Science of Art-টুকু যদি বাদ দেওয়া যায় তবে 'আর্ট'ও হয়ে পড়বে নিতান্ত unscientific অর্থাৎ খাপছাড়া।

বিজ্ঞান যতদিন 'আর্ট'কে অস্বীকার করে চলবে, ততদিন জগতে তার প্রলয়-লীলার শেষ হবে না। নিত্যনতুন মারগাস্ত স্রষ্টা করে বিজ্ঞান জগতকে ধ্বংসের পথেই টেনে নিয়ে যেতে থাকবে। কিন্তু যেদিন বিজ্ঞান স্ববোধ ছেলের মতো, 'আর্টে'র কাছে এসে অহিংসার দীক্ষা নেবে, সেই দিন থেকেই জগতে হবে শান্তির প্রতিষ্ঠা।

পরিব্রাজকের পুঁজি

শ্রীদেবব্রত সিংহ

দ্বিতীয় বর্ষ

অভিজ্ঞতা জীবনের পুঁজির নিত্যন্ত মূল্যবান সঞ্চয়। বিশ্বের রূপ-রস-গন্ধ-স্পর্শের প্রত্যক্ষ অনুভূতি নিয়ে যে অভিজ্ঞতার সৃষ্টি হয়, তা' মানুষকে মধুরতা এবং নিশ্চল আনন্দ ছোটোরই খোরাক জোগায়। স্থপতি গ্রন্থকর্ম মন নিয়ে পৃথিবীর বৈচিত্র্য ও স্বধর্ম উপলব্ধি করলে তা' জীবনের আনন্দের চির উৎস হ'য়ে থাকে। পৃথিবীর বুকে স্বাধীন-ভাবে বেড়ালে প্রকৃতির কত বিরাট ও বিচিত্র লীলা চোখে পড়ে। কত দুর্গমগিরি, দুস্তর মরু সামনে এসে মানুষকে জয়ের নেশায় আরো উন্মত্ত করবে, প্রকৃতির সৌন্দর্য মানুষকে হর্ষোৎফুল্ল করবে, প্রকৃতির দোলা মানুষের মনে স্নিগ্ধ পরশ বুলিয়ে দেবে। পার্থিব অভিজ্ঞতার সঙ্গে লোকোত্তর অভিব্যক্তি মানুষের মনকে আরও উজ্জ্বল করে তুলবে।

আমার ব্যক্তিগত ক্ষেত্রে, এক অপূর্ণ সুযোগের বশে আমার অভিজ্ঞতার বহুমুখী স্মরণ হোল হিমালয়ের বিচিত্র এবং ভাবগভীর বক্ষ আশ্রয় করে। তাই এই ভূমিকার অবতারণা এবং নিজ চোখের ও মনের খোরাক অস্ত্রের কাছে প্রকাশ করার অভিনব আনন্দে উৎফুল্ল নবীন উৎসাহীর লেখনী চালনের এই প্রচেষ্টা।

* * *

সমুখে পথ জুড়ে আছে ধারাবাহিক গিরিশ্রেণী—তার পেছনে মাথা তুলে আছে অন্ডভেদী গিরিশিখর—রাস্তার দুধারে সারিবদ্ধ পর্বত। রাস্তার একধারে পাহাড়ের খাড়া গা পথে এসে মিলেছে—অতৃদিকে পথের ধার থেকে গিয়ে নদীগর্ভে নেমেছে। দূরে দেখা যায় উত্তুঙ্গনীর্ঘে হিমরাশির সমাবেশ—তুষারের মুকুটধারী শীর্ষের অপূর্ণ শিরস্ত্রাণ। চারিদিকের দৃশ্যের এই অপূর্ণ আবেষ্টনীর মধ্যে আমাদের পথ সর্পিলা গতিতে গিয়ে যেন দূরে পাহাড়ের কোলের আড়ালে লুকিয়ে পড়েছে। না—পথের ওখানেই শেষ কোথায়? আবার একটানা পড়ে আছে—যেন পাহাড়ের ঢেউ তাকে ব'য়ে নিয়ে গেছে, যখন রাস্তা পৌঁছবে বজ্রীনাথে, তখন তার শেষ। এই সেই হিমালয়—কতদিনের চেনা—আমাদের ভাবনার এর স্থান কতখানি! আমাদের প্রতিদিনের শ্রদ্ধার কত অর্ঘ্য এর প্রতি!

অবিপ্রাস্ত পথচলার ক্লান্ত, দেহ অবসন্ন, মন বিরক্ত। হঠাৎ সামনে দিগন্ত বিহীন শূন্যপথে চোখ মেলামাত্র এক স্বপ্নাবেশ যেন সমস্ত দেহমন জুড়ে বসল কিংবা

ক্ষণিকের জন্ত। মন অল্পপ্রেরণা পেল—সঙ্গে সঙ্গে দেহেও দ্বিগুণ উৎসাহ ও শক্তি পেয়ে আবার চলা শুরু করলাম। এ যেন সত্যই সেই কল্পনার আনন্দ—দুর্দান্ত মহাপ্রস্থানের পথ—অভিযান-সঙ্কুল মহাপ্রস্থানের পথ। আমি দলের মাঝে যাত্রার পথে একদিন হেঁটে বেরিয়ে পড়েছিলাম—তখন থেকে এগিয়ে চলাই মূলমন্ত্র হয়েছে। গতিবেগ থেমে গেলেই ছন্দভঙ্গ অস্থির হয়ে পড়ি।

অনেক অপ্রাসঙ্গিক কথা বলা হচ্ছে—তা' হবেই। কারণ, গোড়া থেকে পথ চলার কথা শুরু করা যাবে না এবং তা ধারাবাহিকভাবে এখানে বলবনা। পরিব্রাজকের পরিক্রমণের ইতিহাস বলা ঠিক উদ্দেশ্য নয়—পরিব্রাজক এখানে কেবল নিজেকে ব্যক্ত করতে চায়।

যাত্রা করেছিলাম কলকাতা থেকেই—তবে পরিব্রাজকের পথ শুরু হোল হরিদ্বার থেকে! তবু প্রকৃত পরিব্রাজকের পরিচয় শুরু হোল আরও পরে। সে বলছি।

গ্রীষ্মের খর-রৌদ্রে সমস্ত আর্ধ্যাবর্ত্য জুড়ে যেন অগ্নিকাণ্ড চলছে। ঘরের বাইরে লেলিহা অগ্নিশিখা শিলাস্তরে আশ্রয় করে প্রাস্তর, পথ এবং পর্নতগাত্র বলসিয়ে রেছে। এমনি এক দুপুরে গাড়ওরাল প্রদেশের জীনগর থেকে শুরু হোল আমাদের পদব্রজে যাত্রা। আমাদের ভারী দল। রাস্তার বেরিয়ে পড়লাম হাতে পথ চলার লাঠি নিয়ে। এতদিনে প্রকৃত চলার পথে নিজের একটা অধিকার আসল। দূরে অজানার পথের দুর্গম যাত্রায় আমিও যেন এক স্বতন্ত্র যাত্রী। আমার সামনে পড়ে আছে দীর্ঘপথ—পেছনে ফেলে এসেছি আরও অনেক দীর্ঘপথ। কিন্তু এখন সামনের পথই অনেক বড়, অনেক উল্লেখযোগ্য। সামনের যাত্রার দুঃখকষ্ট ও অভিযানের ভার সব আমাকে বহিতে হবে। না হোলে মরণ, আবার স্বন্দরের পরশ পেয়েও থত হব। বাধাই যেন স্বন্দরকে স্বন্দরতর কোরে তোলে। পথ চলতে চলতে ক্লান্ত হ'য়ে পড়ি—কিছুক্ষণ থেমে পাহাড়ের কিংবা গাছ পেলে গাছের আড়ালে থাকি—দেখি পাহাড়ের স্বগভীর, বিচিত্র রূপ। প্রতি পদে পদে যেন পাহাড় নূতন ভাবে দেখা দেয় এবং সর্বত্রই পাহাড়ের জড় অস্তিত্ব ভেদ করে এক সজীব ভাষা পরিস্ফুট। একটানা পথেই বা একঘেঁয়েমি কোথায়? চলার পথে আবেষ্টনীর একঘেঁয়েমিতে মুখ ফেরাই এক দলছাড়া সহযাত্রীর দিকে। হয়তো এক প্রবীণ যাত্রী চলেছে মন্থরগতিতে, মাথাধা ওপর নিজের বোঝা টেনে চলেছে। চারিদিকে তাকানর তার অবসর কোথায়? সে কেবল জানে তার গন্তব্যস্থল—সে জানতে চায়না তার পথ।

দিনের অবসানে যখন রক্তিম আভার পাহাড়ের কোলে, সন্ধ্যার ছায়া ঢলে পড়ে তখন কোনও এক 'চি'তে গিয়ে আমাদের দিনের যাত্রার অবসান হয়। সামান্য চালা ঘরের মাটির মেঝেও অপূর্ণ বলে মনে হয়।

ভোরে সূর্য্যদেব ওঠার আগেই আমাদের যাত্রা শুরু হোত। এরকমভাবে আমাদের যাত্রা চলত দিনের পর দিন। প্রতিদিন এক নূতন প্রাকৃতিক পরিবেষ্টনের মধ্যে ঘুম ভাঙত আর ঘুমিয়ে পড়তাম নিশ্চরতার মধ্যে সারাদিনের বিচিত্র অভিজ্ঞতা ও আনন্দের চিস্তার মধ্যে। বাই হোক, সাতশ মাইল পথের যাত্রার ধারাবাহিক বিবরণ দেবনা, আগেই বলেছি।

হিমালয়ের কাঁকরে-সাজান পথের ওপর দিয়ে চলাই যেন এক মহাআনন্দ। রুক্ষ, রুদ্র-মূর্ত্তি পাথরের, কোথাও বনের ঞ্চামলিমা তাকে ঢেকে রেখেছে। আগাগোড়া একটা অদ্বুত গভীর মূর্ত্তি। আনন্দে উদ্বেলিত তরঙ্গলীন হিমালয় প্রকৃতি যেন মত্তদ্রষ্টা ঞ্চবির আদেশে মত্তমুগ্ধ। কেবল শোনা যায়, পাহাড় যেখানে খাদে পরিণত হয়েছে সেখানে সঙ্গীতের তানে বাঁধা নদীর কলগুঞ্জ। প্রকৃতিপুরুষের উদ্দেশ্যে অহনিশ স্রোতস্বিনীর সেই মহু স্তম্ভধ্বনি। কখনও দেখা যায় নীচে নদীর কেনিল জলোচ্ছ্বাস পাহাড়ের গায়ে ধাক্কা খেয়ে পাথরের ওপর দিয়ে ডিকিয়ে গুভ্র জলকণা স্ফুট করে বয়ে যাচ্ছে। নদী স্রগভীর আবেষ্টনীকে আরও সজীবতা দিয়েছে—যেমন ঘনকাল মেঘরাশির মধ্যে বিদ্যুৎ।

পথ চলি আর তাকাই অভিনব, কল্পনা-পরিপোষিত আবেষ্টনীর দিকে বিশ্বাবিষ্ট হ'য়ে ও প্রাণ দিয়ে তার সঙ্গে পরিচিত হ'তে চেষ্টা করি। তাকাই বিমুগ্ধ আমি সেই কত প্রাচীন কত পুরাতনের সাক্ষী পাথরগুলির দিকে। পাথর যেন অপরিচিত আমার দিকে কি বোকানর জন্ত উদার দৃষ্টিতে আছে তাকিয়ে। হিমালয়ের প্রতিটি পাথর ভারতের প্রাচীন সভ্যতার প্রতিনিধিস্বরূপ। প্রাচীন সংস্কৃতি ও আধ্যাত্মিক উন্নতির কথা বলার জন্ত উৎসুক। আর আমাদের আত্মবিস্মৃত জাতিকে দিচ্ছে ধিকার—এই জন্তই বোধ হয় পাথরের চেহারা এত রুক্ষ।

প্রতিদিন নূতন নূতন জায়গায় গিয়ে পড়ি। নূতন ঘর, নূতন লোক, নূতন আবেষ্টনী—অর্থাৎ নূতন অভিজ্ঞতা। এ দিকের অধিকাংশ জায়গায় সঙ্গে কোন না কোন পৌরাণিক বৃত্তান্ত জড়িত থেকে জায়গাকে কোরে তুলে আরও মহান, আরও চিত্তাকর্ষক। প্রাচীন হিন্দুর ধর্ম ও সামাজিক ইতিহাস এবং ভাবধারা যেন হিমালয়ের প্রতিটি শিলাখণ্ডের সঙ্গে অচ্ছেদ্য সংযোগে আবদ্ধ। তাই হিমালয় ভ্রমণকালে দেখেছি যদিও প্রাকৃতিক পরিবেষ্টনী এবং অপূর্ণ দৃষ্টাবলী আমাকে অভিভূত করেছে—তবুও তার পেছনে অম্পষ্ট হ'য়ে আছে যেন এক স্রগভীর আধ্যাত্মিক প্রেরণা—যে প্রেরণা উদ্ভুদ্ধ করেছিল আৰ্য্য-দের অন্তরকে তাঁদের আত্মিক সাধনায়। আজও নগাবিরাজের বুকে পাথরের আড়ালে পবিত্র তীর্থস্থানগুলি ভারতের জনগণের আধ্যাত্মিক তৃষ্ণা মিটিয়ে আসছে। তার আহ্বানে সহস্র ভারতবাসী ভারতের প্রতি প্রাস্তর থেকে সাড়া দিচ্ছে বিংশ শতাব্দীর যন্ত্রসভ্যতার মধ্যে থেকেও। আমি অবাক হ'য়ে দেখেছি দিনের পর দিন

কত তীর্থ যাত্রীকে। আবাল্য কল্পনা-পরিপোষিত হিমালয়ের ধারণা তার সকল সম্পর্ক নিয়ে প্রত্যক্ষ দেখা দিল তখন। ভারতের নানা প্রান্ত থেকে, নানা ভাষাভাষী লোক দলে দলে আবালবৃদ্ধবনিতা (যদিও বৃদ্ধ ও মধ্যবয়স্ক জনগণের সংখ্যাই অধিক) কত কষ্ট, শ্রম স্বীকার করে বেরিয়ে পড়েছিল এক উদ্দেশ্যে, এক নামে—তা হচ্ছে বঙ্গীনারায়ণ। ভাতরবাসীরা তো দুবেলা পেট ভরে খেতে পায়না, তবু পাহাড়ের অনভ্যন্ত পথে শত শত মাইল দিনের পর দিন, মাসের পর মাস চলায় শক্তি কোথা থেকে পায়? কোন এক শুভলগ্নে তারা স্বদূর গৃহ থেকে বেরিয়ে পড়ে লোটা কয়ল মাত্র সম্বল নিয়ে চলে তারা, কচিং একা, প্রায়ই এক বা অনেক সঙ্গী নিয়ে। আমরা যখন কেদারনাথের কাছে অনেক উঁচুতে পথ চলছিলাম মাঝে মাঝে তুষারস্তুপের ওপর দিয়ে তখন দারুণ শীতে হাতপা জমে প্রায় চলনশক্তি রহিত হয়ে পড়লাম। সেই সময় অবাক হয়ে দেখলাম, আমার পাশে এক বুড়ো লাঠি ভর করে অতি ধীরে চলেছে—পেছনে হতাশ হয়ে বসে আছে তার সঙ্গী—সেও বুড়ো (বোধহয় তার সঙ্গীর চেয়ে কিছু কম)। মনের বল ও ইচ্ছাশক্তি সেই শীর্ণ শরীরের জড়তা ও প্রাকৃতিক প্রতিকূলতাকেও জয় করল। শ্রদ্ধা ও বিশ্বাসে মাথা নত হয়ে আসল। এই কি ভারতের স্বরূপ, ভারতের জীবনীশক্তি। রাস্তায় এরকম কত দেখেছি। ওপরের ঘটনাটা উল্লেখ না করে থাকতে পারলাম না। কখনও উৎসাহে প্রাণ ভরে উঠত—আবার এদের এরকম দুর্দান্ত শারীরিক কষ্ট দেখে মন মুগ্ধ হয়ে উঠত। এদের সাহায্য করার কি কেউ নেই; মনে হোত এদের সেবা করার কর্তব্য কত বড়—ভাবতাম, আর্ন্তর্ক্ৰিষ্ট যাত্রীর সেবাতেও ভারতের প্রতি আমার একটা মন্ত বড় কৃতজ্ঞতা প্রকাশ পাবে।

এইরকমভাবে একদিন আমরা গৌড়ুলাম কেদারনাথে। তুষারায়ত ধবলগিরির গুহ বক্ষ ভেদ করে উঠেছে শিবমন্দির। স্তম্ভভায়, বিশ্বাসে ও আনন্দে মাথা আপনি নত হয়ে আসে। ধ্যান-গম্ভীর শিখরে পথিক পায় শান্তি ও বিশ্রাম, তার যাত্রার আত্মপ্রসাদ, অসীমের আশ্বাদ। আবার শুরু হয় যাত্রা। আবার চলে পথ দিনের পর দিন অঁকাবাঁকা পথ ধরে পাহাড়ের গা বেয়ে—কোথাও সবুজ বনের শীতল আচ্ছাদন, কোথাও রুক্ষ গৈরিক মাটি, কোথাও শীলাকীর্ণ নদীর ধার, কোথাও পার্শ্বত সমতল-ভূমি। পথ গিয়ে শেষ হোল বঙ্গীনাথে। অবশেষে পরিব্রাজকের আশা পূর্ণ হোল, যাত্রীর এগিয়ে চলায় পথ ধামল—ইতিহাস-পুরাণ-বিজড়িত বজ্রিকাশ্রমে। কোন যুগ হোতে এ যাত্রাবের মনের প্রকার অর্থ পেয়ে আসছে। এক উজ্জল, স্বন্দর, ভাবাপ্তত আবহাওয়া। প্রকৃতির পরিবেশের দিকে তাকালে মনে আনন্দের শিহরণ বয়ে যায়—সব কিছুতেই যেন এক জীবন্ত আনন্দের অভিব্যক্তি—অনন্ত প্রাণের খেলা। অলকনন্দার উজ্জল জলস্রোত আনন্দমুখর প্রকৃতিতে যেন

আরও সম্পদবৃদ্ধি করেছে। এখানে এসে পথিক আবার জানার তার অন্তরভরা শ্রদ্ধা মন্দিরের ঘারে। সারা পথ ধরে আনা আশা ও শ্রদ্ধার ডালি সে নিঃশেষে টেলে দেয় দেবতার পায়ের কাছে।

*

*

*

প্রত্যাবর্তনের পথ চিত্তাকর্ষক হ'লেও তেমন প্রাণবন্ত ও আবেগমুখরিত নয়। ধরমুখী মন তখন অভিযাত্রিক মনকে ফুঁড়ে ওঠে—পরিব্রাজকের পেছনে উঁকি মারে অস্পষ্টভাবে ফেরার ইসারা। সেজন্তু এর বর্ণনা নাই বা দিলাম। কিন্তু তবু বিরাট ও অচলের মধ্য যে জীবন্ত মহিমা ও সৌন্দর্য্য দেখেছিলাম তার আবেশ মন কাটাতে পারেনি ও পারবে না। এই যাত্রার সব মিলে যে অভিজ্ঞতা—তার মূল্য স্বয়ং যাত্রী ছাড়া বুঝবে কে?

কোন অজানার ডাকে বেরিয়ে পড়েছিলাম জানিনা। যখন বেরিয়েছিলাম কিশোর মনের দুর্দম উৎসাহ নিয়ে, তখন পথের ঠিক ছিল না, সময়ের ঠিক ছিলনা, ছিল কেবল নূতন আনন্দের নেশা, নবীনতার আনন্দের আশা, জানবার স্কন্ধ; যখন চলেছি, তখনও ছিল না উদ্দেশ্যের নিশ্চয়তা—ছিল পথ-চলার আনন্দ, দেখার সন্তোষ ও জানার দুরন্ত আগ্রহ; যখন কিরেছি তখন বুঝেছি সমস্ত যাত্রার মূল্য, দেখেছি সমস্ত যাত্রার আনন্দের মধ্যে তার সার্থকতা তাই পরিব্রাজকের মন ভরে আছে তার অভিজ্ঞতায়।

ছাত্রসমাজ ও রাজনীতি

শ্রীপ্রিয়ব্রত সরকার

দ্বিতীয় বর্ষ—বিজ্ঞান

এমন দিন গিয়াছে যখন ছাত্রদের অবাধে রাজনীতির বন্ধুর ক্ষেত্রে বিচরণ করা উচিত কিনা এই নিরা যথেষ্ট মতভেদ ছিল। কিন্তু কালের পরিবর্তন হইয়াছে। সমস্ত জগতের বিশেষ করিয়া পরাধীন দেশগুলির ছাত্র সম্প্রদায় বর্তমানে দেশের রাজনৈতিক আবহাওয়ার সঙ্গে এত ঘনিষ্ঠভাবে জড়িত হইয়া পড়িয়াছে যে, ছাত্র আন্দোলনকে রাজনৈতিক কার্যাবলীর অবিচ্ছেদ্য অংশ বলিলেও এখন কিছুমাত্র অত্যুক্তি করা হইবে না। ছাত্রদের এই যে রাজনীতির ক্ষেত্রে আগমন ইহা মোটেই আকস্মিক কিংবা অস্বাভাবিক নয়। একটু গভীরভাবে চিন্তা করিলেই ইহার কারণ বুঝিতে পারা যাইবে। সমস্ত পরাধীন দেশসমূহ একই তাড়নার

রাজনৈতিক জটিলতার লিপ্ত হয়। কাজেই নমুনা হিসাবে আমাদের দেশের ছাত্র সম্প্রদায়ের কথা আলোচনা করিলেই যথেষ্ট হইবে।

রাজনীতি কথাটার শব্দগত ব্যুৎপত্তি যাহাই হউক না কেন ইহা আমরা ব্যাপক অর্থেই প্রয়োগ করিব। ‘ছাত্রদের অধ্যয়নই তপস্বী।’ এই তপস্বীর সিন্ধির পথে কি করিয়া রাজনীতি একটা প্রধান আনুসঙ্গিক হইয়া উঠিয়া এবং ক্রমে আবার এই আনুসঙ্গিকটাই কি করিয়া তপস্বীর পরিণত হয়, আর অধ্যয়নটা হইয়া পড়ে আনুসঙ্গিক তাহাই আলোচনার বিষয়।

পরাদীন দেশের পক্ষে দেশকে অধীনতাশাসন হইতে মুক্ত করাই রাজনীতির সর্বজনবোধ্য সহজ ব্যাখ্যা। এই মুক্তি-সংগ্রামের অগ্রগতির সঙ্গে সঙ্গে নানাপ্রকার জটিলতা স্বাভাবিকভাবেই আসিয়া পড়ে। কিন্তু শুধু পরাদীনতার জালায় জলিয়াই যে সকলে রাজনীতির ক্ষেত্রে আসিয়া দাঁড়ায়, তাহা মন্থাস্থিকভাবে সত্য নহে। অধিকাংশ ছাত্রই নিজের অজ্ঞাতসারে রাজনীতিতে জড়াইয়া পড়ে এবং তারপর দেশের অভাব ও দৈন্তের কথা চিন্তা করিতে আরম্ভ করে ক্রমে ক্রমে। যাহারা দেশের রাজনৈতিক পরিস্থিতি ও বাস্তব ঘটনাবলীর সঙ্গে সম্যকভাবে পরিচিত নয় তাহারা উল্লিখিত শ্রেণীভুক্ত পর্যায়ে পড়ে। তাহাদের অজ্ঞতার স্বয়োগ নিয়া কোনও বিশেষ দল তাহাদিগকে দলভুক্ত করিয়া নেয় এবং এই বেচারীরা শেষ পর্যন্ত একটা বিশেষ দলের বিশেষ নীতির পাদমূলে নিজেদের বিবেকসম্মত মতবাদ বলি দিতে বাধ্য হয়। কোনও ছাত্রের পক্ষে এই ঘটনা মোটেই বাঞ্ছনীয় নয়। কারণ ছাত্র-জীবনেই দেশের সঙ্গে প্রকৃত যোগ স্থাপনের এবং বিভিন্ন রাজনৈতিক মতবাদের সঙ্গে লিভুলভাবে পরিচিত হইবার স্বয়োগ সর্বাপেক্ষা অধিক রহিয়াছে। পড়াশুনা যাহা করিবার তাহা ছাত্রজীবনেই করিবার সুবিধা বেশী এবং সকলে এই সময়েই উহা কতকটা শেষ করিয়া নেয়। এই সময় পুঁথিপত্র ঘাটিয়া প্রত্যেক মতবাদ যত স্পষ্টভাবে উপলব্ধি করিতে পারা যায়, এমন আর কোনও সময়েই পারা যায় না। কাজেই প্রত্যেক ছাত্রেরই কর্তব্য, রাজনৈতিক মতবাদগুলির সঙ্গে সম্যক পরিচিত হওয়া। এই জন্ত যথেষ্ট পড়াশুনা করিবার প্রয়োজন আছে। কেহ যদি মনে করেন যে, এই জন্ত আমাদের পাঠ্যপুস্তক পড়িবার বিঘ্ন ঘটবে, তবে তিনি অত্যন্ত ভুল করিবেন। রাজনীতিজ্ঞান এবং দেশের জনসাধারণের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ, ছাত্রদের প্রকৃত শিক্ষালাভের যথেষ্ট সহায়তা করে। এইগুলির অভাবে শিক্ষা এতদূর নিঃশব্দ হইয়া পড়ে যে, পরবর্তী জীবনে দেশের প্রকৃত পরিস্থিতি কিছুই উপলব্ধি করিতে পারা যায় না। এইজন্যই পড়াশুনা করা দরকার বলিয়াছি। অবশ্য পাঠ্যপুস্তক পড়ার কথা বলিতেছি না; যে শিক্ষা আমাদের জাতীয়তাবোধ জাগ্রত করে না সেই শিক্ষার কোনই মূল্য নাই।

আজকাল 'ইজ্‌ম্'র বিরুদ্ধে অনেকে অনেক কিছু বলিয়া থাকেন। ইহার প্রকৃত কারণ,—কোনও বিশেষ ভারতীয় দল হয়ত কোনও একটি বিশেষ 'ইজ্‌ম্'-এর নামে নানাপ্রকার অপকার্য্য করিয়াছে। তাই বলিয়া 'ইজ্‌ম্'কে দোষ দেওয়া কোনও কাজের কথা নয়। ইহাতে সেই সব মনীষীদের অবজ্ঞা করা হয়, যাহারা সারাজীবনের তিত্ত অভিজ্ঞতার বিনিময়ে মানবজাতির কল্যাণের জন্ত কোনও বিশেষ 'ইজ্‌ম্'-এর কথা বলিয়া গিয়াছেন। আজ সমস্ত জগতে সমাজতন্ত্রবাদের যে ঢেউ উঠিয়াছে তাহা ভারতের ছাত্রসমাজকেও আলোড়িত করিয়াছে। তাই বলিয়া যদি কেহ বলেন যে, ছাত্রগণ 'ইজ্‌ম্'-এর মোহে চরম লক্ষ্যের কথা ভুলিয়া গিয়াছে এবং তাহা অবহেলা করিতেছে, তাহা হইলে অত্যন্ত পরিতাপের বিষয় হইবে। ছাত্রগণ যতই রাজনৈতিক শিক্ষালাভ করিতেছে, ততই তাহারা সমাজতান্ত্রিক মনোভাব লইয়া স্বাধীনতা লাভের প্রকৃত পন্থা খুঁজিতেছে। অভাব এবং উৎপীড়ন জনগণের স্বাধীনতালাভের পন্থা জাগাইয়া তোলে। কাজেই দেশের উৎপীড়িত কৃষক ও মজুররাই জীবনকে তুচ্ছ করিয়া সংগ্রামের দিকে আগাইয়া যায়। আমলাতান্ত্রিক মনোভাবসম্পন্ন ধনিকশ্রেণী তাহাদের সাহায্য ত করেই না, বরং দমাইয়া দিতেই প্রাণপণ চেষ্টা করে। কারণ, তাহারা ইহা অত্যন্ত ভালভাবেই জানে যে, যদি কৃষক ও মজুরদের সমবেত সংগ্রামের ফলে দেশ পরাধীনতার শৃঙ্খলমুক্ত হইতে পারে, তাহা হইলে দেশে সমাজতান্ত্রিক রাষ্ট্রের পত্তন হইবে এবং তাহাদের ধনিকস্বার্থ হইবে ভুলুপ্তিত। তাহারা মনে করে, তাহার চেয়ে ত এখনই বেশ আছি। তাই কৃষক-মজুরের চেষ্টায় দেশ স্বাধীন হউক ইহা ধনিকশ্রেণী চায় না। সোজা কথায়, দেশের স্বাধীনতার প্রশ্ন নিয়া তাহাদের তত মাথা ঘামাইবার প্রয়োজন নাই, যত না তাহাদের আমলাতান্ত্রিক স্বার্থসিদ্ধির জন্ত মস্তিষ্কচালনার প্রয়োজন। কাজেই স্বাধীনতার সংগ্রামে ধনিকশ্রেণীর সঙ্গে কোনও অবস্থাতেই 'কোয়ালিশন' সম্ভব নয়। সেইদিন তাহাদের আন্তরিকতার বিশ্বাস করিব, যখন সমস্ত স্বার্থ বলি দিয়া এবং নিজেদের স্বজাতি ত্যাগ করিয়া তাহারা প্রপীড়িত জনসাধারণের মধ্যে নামিয়া আসিবে। এই কথা মনে রাখিতে হইবে যে, দেশের স্বাধীনতা তাহাদের জন্তই সর্বাগ্রে প্রয়োজন, বিদেশী অত্যাচারী শাসকের উৎপীড়নে যাহাদের সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন ক্রমেই তিমিরান্বকাবে বিলুপ্ত হইতে চলিয়াছে।

বর্তমানে নানাপ্রকার দলাদলি ও সঙ্কীর্ণতার জন্ত ছাত্র আন্দোলন প্রতি পদে ব্যাহত হইতেছে। দেশের পক্ষে ইহার ফল অত্যন্ত অমঙ্গলজনক। ছাত্রগণ যদি কোনও দলাদলির ভিতর না থাকিয়া কেবল স্বকীয় প্রেরণায় উদ্বুদ্ধ হইয়াই ছাত্রজীবনে দেশের উৎপীড়িত জনসাধারণের সঙ্গে নাতীর্থ সম্পর্ক স্থাপন করিতে সচেষ্ট হন তাহা হইলে পরবর্তী জীবনে নিজের বিবেকই তাহাদিগকে পথ দেখাইয়া দিবে বলিয়া

আমার বিশ্বাস। আজ চারিদিকে একটা বিপ্লবের সূচনা দেখা যাইতেছে। ছাত্রদের মধ্যেই যেন জাগরণটা বিশেষভাবে দেখা যাইতেছে। এই নবজাগ্রত চেতনার অপব্যবহার না করিয়া ছাত্রগণ যদি বৈপ্লবিক ও সমাজতান্ত্রিক মনোভাব লইয়া সংগঠনের কাজে আত্মনিয়োগ করেন তাহা হইলে প্রত্যেকটি ছাত্র সমস্ত দলাদলির উর্দ্ধে থাকিয়া দেশের প্রকৃত কল্যাণসাধন করিতে পারিবেন বলিয়া আমার বিশ্বাস। ছাত্রগণ এই পথে অগ্রসর হউন এই কামনা করি। জয় হিন্দু।

যুদ্ধ কেন হয় ?

শ্রীরথীন্দ্রমোহন ভট্টাচার্য্য

দ্বিতীয় বর্ষ—বিজ্ঞান

আমাদের এই জন্মভূমি পৃথিবী কত সুন্দর ! এমন সুন্দর পৃথিবীতে স্নেহ দয়া ভালবাসা পেয়ে এবং দিগে শান্তিতে জীবনটা কাটাতে কে না চায় ? হ্যাঁ, সকলেই শান্তি চায়। মারামারি কাটাকাটি হিংসা এ মানুষের প্রবৃত্তি নয়, মানুষ তা ভালবাসে না ; অথচ মানুষ শান্তিতে থাকতে পায় না—না চাইলেও তাকে দানবিক প্রবৃত্তিগুলোর অনুসরণ করতে হয়। কিন্তু কেন হয় ? এই শস্ত্রশ্রামলা স্নেহময়ী মাতা বহুদূরার ক্রোড়ে যুদ্ধ কেন হয় ? আজ সভ্যসমাজের প্রতিটি নরনারীর মনে সেই একই প্রশ্ন জেগেছে,—যুদ্ধ কেন হয় ? যুদ্ধ কেন হয় ?

একটু তলিয়ে ভাবলেই আমরা দেখতে পাব যে মানবের সামাজিক গঠনের কয়েকটা ক্রটির জন্তই যুদ্ধ অনিবার্য্য। এ কথা জোরে বলা চলে যতদিন সমাজের একটি মাত্র মানুষও বঞ্চিত থাকবে এবং তার দীর্ঘনিঃশ্বাস সমাজকে অভিশপ্ত করবে ততদিন সেই সমাজে শান্তি নাই।

এখন দেখা যাক কি ভাবে বঞ্চিতের দীর্ঘনিঃশ্বাস সমাজকে অভিশপ্ত করে—এবং কি ভাবে যুদ্ধ অনিবার্য্য হয়ে পড়ে।

স্বভাবতই মানুষ নানারকম প্রবৃত্তির অধিকারী হয়ে জন্মগ্রহণ করে। এবং তারপর কতকটা বংশানুক্রম এবং কতকটা পারিপার্শ্বিক অবস্থা, শিক্ষাদীক্ষা প্রভৃতির জন্ত, তার কতগুলি প্রবৃত্তি বেশ সুস্পষ্ট হয়ে ওঠে এবং কতগুলি আবার তেমন বিকশিত হয় না। মানুষের মধ্যে স্বর্গীয় এবং দানবিক এই দুই রকম প্রবৃত্তিই আছে ; এবং অবস্থানুসারে এইগুলি বিকশিত হয়। পৃথিবীর নানারকম

ঘাতপ্রতিঘাতের ফলে সময়ে সময়ে মানুষের মনের স্বর্গীয় প্রবৃত্তিটা চাপা পড়ে যায় ; সে দেখে যে সে স্থখী নয় এবং ভ্রান্ত ধারণার বশবর্তী হয় যে অর্থই আনবে তার স্থখ । সদাসং সে বিবেচনা করেনা—অর্থোপার্জনই হয় তার মূল লক্ষ্য । অতিরিক্ত অর্থ আনতেই প্রয়োজনের মধ্যে সে আর সীমাবদ্ধ থাকেনা,—সে হয়ে পড়ে বিলাসী ; বিলাস জিনিষটারই সৃষ্ট হয় আর দশজনকে বঞ্চিত করে । ফলে হয় কি, ধনীর বিরট মোটরগাড়ীটা যখন যায় বঞ্চিতের অসুয়াভরা দৃষ্টি তার উপর পড়তে থাকে । তার তখন মনের ভাবটা এই হয় যে পারিত, বেটার ধনদৌলত এখনই কেড়ে নেই । এই মনোবৃত্তিই যখন বৃহদাকারে সমাজগতভাবে দেখা দেয় তখনই হয় যুদ্ধ ।

ইলেক্ট্রিক পাথার তলায় ইজিচেয়ারে বসে ভুঁড়িতে হাত বুলোতে বুলোতে ধর্মদাস দুধওয়ালার ভাবছেন তারা বিরট মুনাফা তিনি কোথায় খাটাবেন ? পরের দিন দেখা গেল আড়ংঘাটার এক বিস্তীর্ণ জমিতে হাজার হাজার কুলী ধ্বংসের মাতনে লেগে গেছে । জানা গেল ব্যাপার এই : ক্ষুদ্র পুঁজিদার গণেশ চৌধুরী প্রতিযোগিতায় সর্বস্বাস্থ হয়ে শ্রমিকের দলে ভিড়ে পড়েছেন এবং তার পুঁজির ধ্বংসের মধ্য দিয়ে দুধওয়ালার একশর উপর আরেকটি উপার্জনের পথ খোলা হচ্ছে । এইভাবে বড় বড় পুঁজিওয়ালাদের সাথে প্রতিযোগিতায় হেরে গিয়ে ছোট পুঁজিওয়ালারা ভিড়ে পড়ে শ্রমিকদের দলে এবং উৎপাদন যন্ত্রে ব্যক্তিগত অধিকার প্রবল হয়ে ওঠে । অবস্থা এমন হয়ে পড়ে যে ব্যক্তিবিশেষ যদি হৃদিনের জন্ত তার উৎপাদন যন্ত্র বন্ধ রাখে তবে সাধারণের ক্রেশের আর সীমা পরিসীমা থাকে না । সময়ে সময়ে হয়ও তাই । কারণ পুঁজিবাদীদের প্রধান লক্ষ্য হল ‘মুনাফা’—সেই মুনাফাই যদি না থাকে তাহলে তারা পণ্য উৎপাদন বন্ধ রাখে । জনসাধারণের তাতে ক্রেশ হবে কি না হবে তা তারা দেখে না—এক কথার পুঁজিবাদে জনসাধারণের প্রয়োজন বড় কথা নয় ; ব্যক্তিগত মুনাফাই প্রধান কথা । আবার মুনাফা বাড়াতে গেলে পণ্য কম দামে বাজারে ছাড়া প্রয়োজন—কারণ যে জিনিষ দামে সস্তা সেই জিনিষই জনসাধারণ আগে কিনবে । সেই জন্ত পুঁজিবাদী অল্প থরচায় বেশী পণ্য উৎপাদন করবার জন্ত প্রায়ই বৈজ্ঞানিক সাহায্য নিয়ে থাকে—শ্রমিকদেরও তারা যতটা কম পারিশ্রমিক পারে দেয় । এর ফলে দেখা যায় মুষ্টিমের পুঁজিবাদী ক্ষীণ হয়ে উঠেছে—আর অধিকাংশই শ্রমিক বা সর্বস্বারা জাতি । পুঁজিবাদীদের অপরিহার্য ফল হিসাবে এ অবস্থা আরও সঙ্গীন হয়ে উঠতে থাকে । শেষে এমন হয় যে অধিকাংশ অর্থ মুষ্টিমের পুঁজিওয়ালার হাতে যাওয়াতে জনসাধারণ বা শ্রমিকসাধারণ ক্রয় করবার ক্ষমতা পর্য্যন্ত হারিয়ে ফেলে ।

এর ফলে যে অবস্থার সৃষ্টি হয় তাকে বলে ‘ব্যবসা সঙ্কট’ । ব্যবসা সঙ্কটের দৃশ্যটা এই রকম, একদিকে বাজারে বাজারে খাণ্ডদ্রব্য নষ্ট হচ্ছে—অন্যদিকে বাজারের

বাইরে ককালসার ক্ষুধার্তের মেলা বসেছে। বাজারে বাণ্ডিল বাণ্ডিল কাপড় ইতুরে কাটছে,—বাইরে বজ্রহীনের দল। প্রাসাদের মত বাড়ীগুলি খালি পড়ে আছে—ফুটপাথে শীতার্ভেরা কুঁকড়ে মরছে।

এই হ'ল পুঁজিবাদ,—যাকে বলে 'ক্যাপিটালিজ্‌ম'—তার চরম ফল। 'ক্যাপিটালিজ্‌মের' এই অবস্থায় সৃষ্টি হয় 'ইম্পিরিয়ালিজ্‌মের'। মুষ্টিমেয় পুঁজিবাদী দেখে যে স্বদেশে জনসাধারণ ক্রয় করবার ক্ষমতা হারিয়ে ফেলেছে এবং তাদের মুনাকা আসছে না,—তখন বাজার হিসাবে ব্যবহার করবার জন্ত তারা আরেকটি স্থান খোঁজে এবং এক সময় কোন ছলছুতায় আক্রমণ করে বসে আরেকটি স্বাধীন দেশকে। লাগে যুদ্ধ। ক্যাপিটালিষ্ট দেশে শ্রমিক বিপ্লব ও ঘন ঘন হয়। শ্রমিকদের উপর পুঁজিবাদীদের উৎপীড়ন যখন সীমা ছাড়িয়ে যায় তখনই ঘটে এই বিপ্লব এবং কখনও কখনও গভর্ণমেন্ট পুঁজিবাদীদের হাত থেকে উত্তেজিত শ্রমিকসাধারণের হাতে চলে যায়।

সুতরাং আমরা দেখতে পাচ্ছি 'ক্যাপিটালিজ্‌ম' থেকেই যতরকম অশান্তির সূত্রপাত হয়। সুতরাং যুদ্ধ বন্ধ করতে হলে তার গোড়াটুকুই উপড়ে ফেলতে হবে—অর্থাৎ 'ক্যাপিটালিজ্‌মের' উৎখাত করতে হবে। এমনভাবে গভর্ণমেন্ট প্রস্তুত করতে হবে যাতে 'ক্যাপিটালিজ্‌মের' নাম গন্ধও তাতে না থাকে। এমনি আন্তর্জাতিক চুক্তি চুক্তিতে শান্তির আশা কম। 'লীগ্‌ অফ্‌ নেশন্সের' ব্যর্থতার মূলেও এই 'ক্যাপিটালিজ্‌ম'।

থিয়েটার

শ্রীমুদর্শন দত্ত

চতুর্থ বর্ষ—গণিত

থিয়েটার করা ছাড়িয়া দিলাম। ঠিক ছাড়িয়া দিলাম বলা হয়ত ঠিক হইবে না, কিন্তু ছাড়িয়াই দিব ঠিক করিয়াছি। কাল যা' করিয়াছি—এর পরে আর ষ্টেজে পদার্পণ করিবনা প্রতিজ্ঞা করিয়াছি। ব্যাপারটা যে এতদূর গড়াইবে তাহা জানিলে কে যাইত থিয়েটার করিতে? আর তা' ছাড়া ট্রাম ভর্তি লোকের কাছে অপমানিত কিংবা হাস্যাম্পদ হইলোও আপত্তি করিতাম না; কিন্তু মিনতির ঠোঁটের উপর লুকান বাঁকা বিজ্রপ অসহ্য ঠেকিয়াছিল।

ব্যাপারটা খুলিয়াই বলি। পূজার থিয়েটারে প্রতি বৎসর নামিতেই হয়—ইহার উপর ওজর আপত্তি চলেনা; বন্ধুর দল পিঠের উপর প্রকাণ্ড ধাবা মারিয়া আমার

অনিচ্ছা প্রকাশের অর্গল জোর করিয়া বন্ধ করিয়া দেয়—টানিয়াই লইয়া চলে রিহাসে'লের গুলতানি করিতে। এবারেও ইহার ব্যতিক্রম হইল না। চাঁদ রায়। শ্রীমন্তের ভূমিকার আমার না নামিলে চলিবে না—একটু ইয়ে অর্থাৎ expression দিয়া করিতে হইবে কিনা; না হইলে সমস্ত বইটাই মাটি; সুতরাং বাক্যব্যয় না করিয়া কোমর বাঁধিয়া লাগিয়া গেলাম। যথাসময়ে বই আরম্ভ হইল ও যথাসময়ে শেষ হইয়া গেল। সুন্দর হইয়াছিল গুলিলাম, নিজের সংবন্ধে বেশী বলিলে গর্ব করা হয়—তবু দুইটি মেডেল পাইয়াছিলাম। সকলেই বলিল মেক্ আপ নাকি চমৎকার হইয়াছিল; আমাকে তো চেনাই যায় নাই যে আমি। কিন্তু তখন যদি জানিতাম.....।

রাত্রি শেষ হইতে ঘণ্টা তিনেক বাকী ছিল—ভোর আটটার ভবানীপুরে পৌছাইতেই হইবে—জরুরী দরকার। তাড়াছড়ায় গালের রং তুলিয়া সকল কুচি দাড়িয়া টুকরাগুলি ধুইয়া, স্পিরিট দিয়া যতদূর সম্ভব ঘষিয়া ভদ্রলোক হইলাম। পা চালাইয়া বাড়ী আসিয়া পৌছিলাম। বৌদি দরজা খুলিয়া দিলেন—ঘুম জড়িত আরক্ত চোখ হঠাৎ বিস্ফারিত করিয়া প্রশ্ন করিলেন “কি সেজেছিলে ঠাকুরপো?” বলিয়াই হাসিয়া ফেলিলেন—তাড়াতাড়ি উত্তর দিয়া মশারির ভিতর ঢুকিয়া পড়িলাম।

উঠিতে একটু দেরী হইল। দেখি ঘড়ির কাঁটা সাতটার ঘর অনেকক্ষণ পার হইয়া গিয়াছে। এক কাপ চা'এর ফরমাস করিব কিনা ভাবিতেছি এমন সময় বৌদি জানাইলেন আজকে চিনি না আনিলে চা খাওয়া অসম্ভব। পাঞ্জাবীটা গায়ে ফেলিয়া বাহির হইয়া আসিলাম।

পিছন হইতে ডাক আসিল “শোন! ও ঠাকুরপো শুনে যাও—লক্ষ্মীটা শোন—” তার পরেই উচ্চহাসি। মনটা বিরক্তিতে ভরিয়া উঠিল। ফিরিয়া না তাকাইয়াই জোরে পা চালাইলাম ট্রাম লাইনের দিকে। ফিরিতে একটু বেলা হইল। প্রায় ১০। টা। হাজার মোড়ে একদল মেয়ে উঠিল গাড়ীতে—কলেজের ছাত্রী বোধ হয়। লেডিজ সীট ছাড়িয়া দিলাম—। একটু পরেই দলটি নামিয়া গেল—সামনের সীটে একটি মেয়ে বসিয়াছিল। দূর হইতে ঠিক ঠাহর হয় না—তবুও ঘাড়ের পিছন দিকটা দেখিয়া অত্যন্ত চেনা বলিয়া মনে হইতেছিল। যাহা ভাবিয়াছিলাম তাহাই—একটু ঘাড় ফিরাইতেই দেখিলাম মিনতিই বটে। ট্রামের সকলেই এক একবার আড়চোখে তাকাইতেছে।—বুকটা গর্বে ভরিয়া উঠিল—উহার পাশেই বসিব। এতগুলি দণ্ডায়মান পুরুষের দীর্ঘায়র উদ্বেক করিব ভাবিতেই কেমন যেন একটু আনন্দ হইল। আগাইয়া গেলাম...। মিনতি একবার মুখ তুলিয়া চাহিল, আমি একটু হাসিলাম...। আগাইয়া গিয়া বসিয়া পড়িলাম ওর গা বেঁধিয়া—বলিলাম (কণ্ঠে মোলায়েম স্বর

আনিয়া) “কলেজ ছুট হয়ে গেল? না পালিয়েছে?” পর মুহূর্তে যা ঘটিয়া গেল তাহা স্বপ্নেও ভাবি নাই—মিনতি হঠাৎ ছিলা ছেঁড়া ধনুকের মতো উঠিয়া দাঁড়াইল; তীক্ষ্ণ কর্ণে প্রায় চীৎকার করিয়া কহিল “ইতরামো করবার আর জায়গা পাননি, অসভ্য জানানোর—!”

আরোও কি বলিয়াছিল মনে পড়েনা—ফ্যাল ফ্যাল করিয়া তাকাইয়া ছিলাম ওর মুখের দিকে। কিসে কি হইল সত্যই বুঝিতে পারিতেছিলাম না। আমার বলিতেছে “আপনি—!” মিনতি কি সত্যই অপমান করিতে চায়, না—একটা ‘সিন’ ক্রিয়েট করিবার মতলব;—বিচিত্র কী? ওর মাথায় যা সব খেলে! একটা ফ্যাসাদই বাধাইবে দেখিতেছি—ট্রাম ভর্তি লোক। হাসিয়া বলিলাম (বলাবাহুল্য মুখটাই শুধু বিকৃত হইয়াছিল) “কাকে কি বলছ মিত্র? বসনা—একটা—ইয়ে...!”

মিনতি প্রায় ঝঙ্কার দিয়া উঠিল “ইডিয়ট! দেখুন না আপনারা একবার—কোথা থেকে নামটা জেনে এসেছে—!” শেষের দিকের স্বরে প্রায় কান্নার আভাস! ব্যাপারটা ভাবিয়া দেখিবার মত বটে। ভিতরে প্রায় ঘামিয়া উঠিয়াছিলাম ভয়ে। ট্রাম ভর্তি লোক একসাথে গুঞ্জন করিয়া উঠিল...বিপন্না তরুণী। দুইট ছোঁকরা আগাইয়া আসিল—আস্তিন গুটায় আর কি! এক ভদ্রলোক তাদের নিরস্ত করিলেন অতিকষ্টে। ব্যাপারটা লিখিতে যতো সময় লাগিল তার এক শতাংশ সময়েই সমস্তটা ঘটিয়া গেল। মুহূর্তেই সমস্ত ট্রামের দর্শনীয় হইয়া উঠিলাম।

ব্যাপারটা তাহাদের বুঝাইতে চেষ্টা করিলাম। কিছুতেই ওছাইয়া কথা কহিতে পারিতেছিলাম—; গলার মধ্যে কে যেন একগাদা ময়দা ঠাসিয়া দিয়াছে। তার উপর টীকা, টিপ্পনি, মন্তব্য আমার বক্তব্য কোথায় তলাইয়া গেল; সকলের মুখেই একটু রসিক-জনোচিত মুহূ হাসি। একজন একটু সিনিক ধরণের হাসি হাসিয়া কহিলেন, “অদ্ভুত! মেয়েদের সঙ্গেও এরা ইকোয়্যাল রাইট এ্যাসার্ট করতে চায়।” মিনতির দিকে চাইলাম—তার মুখ অদৃষ্টের মত গম্ভীর। কোলের উপর বইগুলি জড়ো করিয়া তার উপর হাত দুইটা রাখিয়া অস্বাভাবিক গম্ভীর মুখে সম্মুখপানে তাকাইয়া আছে। পরের ষ্টপে মিনতি নামিয়া গেল। আমারও নামিবার কথা; কিন্তু সাহসে কুলাইলনা। ছোঁকরাঘর এথেনা ট্রামের ভিতর। আড় চোখে বার বার তাকাইতেছে মিত্রর দিকে; এখানে নামিতে গেলে একটা কাণ্ডই বাধাইবে। যাক্ দু’তিনটা ষ্টপ পরেই নামিব ঠিক করিলাম। একটু নড়িয়া চড়িয়া বসিলাম সোজা হইয়া। ব্যাপারটা আগাগোড়া হৃদয়ঙ্গম করিবার চেষ্টা করিতেছি। হঠাৎ চমকাইয়া উঠিলাম সম্মুখে শাসিতে নিজের প্রতিবিম্ব দেখিয়া—। চেনাই যায়না নিজেকে—বয়স যেন একটু বেশী ঠেকিতেছে—তাছাড়া সমস্ত মুখটা কুংসিং ও কালো—কপালে বলিরেখাগুলি তখনো একেবারে

বিলুপ্ত না হওয়ার দরুণ মুখটা অকালপক্ক দেখাইতেছে। তাহার উপর রাত্রি জাগরণ হেতু ক্লান্তির চিহ্ন নয়নে পরিস্ফুট। সমস্তটা মিলিয়া একটা অদ্ভুত ব্যাপার। এক মিনিটেই ব্যাপারটা জলের মত পরিষ্কার হইয়া গেল। কালকের থিয়েটারের জের যে এভাবে টানিতে হইবে তাহা কে ভাবিয়াছিল, বৌদ্ধির হাসির কারণটা স্পষ্ট হইয়া উঠিল। মনটা হঠাৎ সত্যি ভাল হইয়া গেল। নামিয়া পড়িলাম.....।

থিয়েটার ছাড়িয়া দিয়াছি।.....পরদিন মিনতি আসিয়াছিল। ব্যাপারটা আর তাহার নিকট প্রকাশ করি নাই.....কিন্তু বৌদ্ধিই বিশ্বাসঘাতকতা করিলেন। কথাটা মিনতিকে বিশ্বাস করাইতে রীতিমতো বেগ পাইতে হইল। মিনতি বলে, “তোমার মেক্ আপ এতো চমৎকার হয়েছিলো—এর পরদিন কিন্তু আমি দেখব তোমাদের থিয়েটার.....।”

ভাবিতেছি আর থিয়েটার করিব কি না। আজ সকালে মনে মনে নাকে খং দিয়াছি—তবুও.....মিনতি দেখিতে আসে যদি একবার করিতে দোষ কি?

পঁচিশে বৈশাখ, ১৩৫৩

শ্রীঅমিয়লাল বন্দ্যোপাধ্যায়

চতুর্থ বর্ষ—অর্থনীতি

এ বাংলার দ্বারে পুনঃ ডাক দেয় পঁচিশে বৈশাখ

উষার উদয় সনে পুনর্বীর আসি

দাঁড়ায় সে আসি—

চমকি চকিতে!

—শুভশঙ্খ বাজে নাত' তা'র আবাহনে?

কোন্ সে স্বদূর যুগে যে পুণ্যান্ধুরে

ধরায় সে এনেছিল

তা'রি গর্বে

আসে সে যে ফিরে

বারে বারে

আনন্দ-উজ্জল মুখে,

দিগন্ত চঞ্চলি' উঠে তাহারি সহিতে

রবীন্দ্রের শুভ জন্মোৎসবে।

কিস্ত কই ?—

আজ ত' যার না শোনা অতীতের সেই কলধ্বনি ?

মন্দ্র শব্দনাদে—

হয় না ত' প্রচারিত সে শুভ প্রেরণা—

রবির প্রারক কর্ম-যজ্ঞ উদ্ঘাপিতে ?

সাড়া কি জাগিছে কোনো

বাঙালীর প্রতি ঘরে ঘরে

রবি যাহা দিবে গেল

সে আদর্শ পূর্ণ করিবারে ?

ছুভিক্ষে, মারীতে, দৈন্তে, ক্ষীয়মাণ আজি প্রাণধারা

সর্বদেশময় ;

রাষ্ট্রমঞ্চে হানাহানি—

তোমার সে রাখী দেখ লুটায় মাটিতে !

—নিরন্ন নির্বস্ত্র দেশ ;

স্বার্থান্বেষী মানবের লোভে

এ বাংলার কুষ্টি আজ হ'তেছে চূর্ণিত !

সমাজের কীট যা'রা

তা'রা আজি পেয়েছে স্বযোগ

পক্ষিল তা'দের নীতি

বিষবাস্পে শুধু

ভরিয়া তুলেছে আজি বাংলার আকাশ,

রবির অরুণ-দীপ্তি অ'ধারে আবরি' !

—তাইত' সে আজিকে পারে না

হে রবি ! তোমার দর্শিত লক্ষ্যপথে চলিবারে ।

হে কবি !

বাঙালীকে তুমি

প্রাণ দিয়ে ভালবেসেছিলে ;

তুমিইত' বলেছিলে—

বারে বারে

ফিরে ফিরে

জন্ম নেবে মোদেরই ভারতে ।

তাই বলি—

ক্ষুধ হ'য়ো নাক,

বাঙালীতে ভেবোনা অসার।

প্রতীচ্যের পাপবহি জালায়েছে আমাদেরো গেহ !

সেখাকার অর্থমোহ,

—দৈহিক ভোগের তরে উগ্র যে কামনা,

এ বিশ্বযুদ্ধের বেশে

পৈশাচ তাহার রূপে

আসিয়া দাঁড়ায়ে দ্বারে

মোদেরও করেছে দিশাহারা—

ক্ষণিকের তরে !

এ তুমি নিশ্চিত জেনো,

মোদের এ লক্ষ্যচ্যুতি

ক্ষণিক তা' শুধু !

এ ভ্রান্তি রবে না ;

বাঙালীতে তুমি

সর্বশক্তি দিয়ে তব যেথায় করেছ উপনীত

সেথা হ'তে চ্যুতি তা'র হ'বে না, হ'বে না !

তাই শুধু আজ

এই শুভ দিনে—

প্রথম যে দিনে তুমি চক্ষু উন্মীলিয়ে

হেরেছিলে এ বাংলার আলো,—

আজি সেই পঁচিশে বৈশাখে

বাঙালী আজিকে তোমা

জানায় প্রগতি ;

আর,—

এই ভিক্ষা মগে বারে বার ;

শুধু তুমি

অজানার পার হ'তে

ভালোবেসো—ভুলো না মোদেরে !

—তোমার সে ভালবাসা

সর্ব দৈন্তে যোগারে পাশ্বে

বাঙালীয়ে

জাগাবে মুমূর্ষু প্রাণে অমৃত সঞ্চারে ।

মোর এই জীবনের প্রথম প্রভাতে—

শ্রীপদ্মধর ভূঞা

চতুর্থ বর্ষ—দেহ-বিজ্ঞান

কে জানে—কোন পথে চলিয়াছি

মোর এই জীবনের

প্রথম প্রভাতে,

শূন্যতার পূর্ণ পাত্র

হাতে করে ধীরে ধীরে

উদাস পরাণে,

সীমাহীন দিগন্তের

ওই দূরে—বহু দূরে

নিজেকে হারিয়ে ।

অচেনা এপথে মোর

গুধু আমি একা

আর কেউ নাই,

এই ‘মহামানবের মহাসাগরের’

উত্তাল-তরঙ্গে ভরা

দূর সীমানার ।

এইষে চলার পথ

অসীমের দিকে ;

আমায় নিয়েছে টেনে

প্রতি ক্ষণে ক্ষণে ;

তার মাঝে দেখিতেছি

প্রাণ আর অপ্রাণের

মধুর মিলন,

প্রকৃতি মানুষ্যে মিলে

হারিয়ে আবার খোঁজা

‘জয়তু বন্ধন’ ।

চলিতে চলিতে পথে
কতজন অচেনাকে
হইবে চিনিতে ;
হুদিন হাসিব গাব
জীবনের মধুগান
সবাই মিলিয়ে ;
তারপর—বন্ধু বিদায় বলে
চলে যাবে ওরা
হাসিতে হাসিতে,
মানুষের ভাবেগড়া
অলীক স্বপন গান
গাহিতে গাহিতে ।

চলে যায়, চলে যেতে হয়
এই ত জীবন, —
তবু কেন কেঁপে ওঠে প্রাণ
কবিতার ছন্দ ভেঙে যায়,
গানের হারাতে হয়
একটানা সুর
এই বিদায় মুহূর্তে ?
নেই তার সমাধান
নেই অবসান—
চলে যেতে হয় শুধু
প্রলভরা প্রাণ নিয়ে
যে পথে এসেছি
সেই পথ দিয়ে ।

গুণিতেছি—
গভীর-নিদ্রা-কণ্ঠে
কে যেন ডেকেছে মোরে
বহুদূর থেকে—
চলিতেছি তাই আজ
তারই স্বপন দেখে
মোর এই জীবনের
প্রথম প্রভাতে
—ওই বহুদূরে ।

বাঙালী নারী কোন পথে ?

শ্রীউমা সেন

তৃতীয় বর্ষ—ইতিহাস

জগতের দিকে দিকে অহর্নিশ চলিয়াছে পরিবর্তন। ক্ষুদ্র বৃহৎ পরিবর্তনই রচিত হয় পৃথিবীর ইতিহাস, সূচিত হয় তাহার নব নব অধ্যায়। মহাকাালের যাত্রাপথে চলিতে চলিতে আজ আমরা এক বিশিষ্ট যুগের সন্ধিক্ষেপে আসিয়া পৌছিরাছি। মানব ইতিহাসের পৃষ্ঠায় এক অভিনব অধ্যায় সৃষ্ট হইবার আয়োজন সর্বত্র সুরু হইয়াছে। আধুনিক যুগের নতুন হাওয়া মানুষের অন্তরে দিয়াছে নতুনের স্পর্শ। পুরাতনের ভিতর সে-মন পায় না তাহার চলার পথের প্রেরণা। তাই পুরাতনের জীর্ণ বন্ধনকে ছিন্ন করিয়া আত্মপ্রকাশের বেদনায় সে আজ চঞ্চল। এই চাঞ্চল্য আজিকার দিনে বিশ্বব্যাপী। এমন কোন দেশ নাই যাহা এই যুগের আবর্তনের কবলে পড়ে নাই। জগতের বিচিত্র পরিবর্তনের ধারার ভিতর বাংলা দেশ তথা ভারতবর্ষও স্থির থাকিতে পারিতেছে না। আমাদের দেশের উপর দিয়াও পরিবর্তনের স্রোত বহিতেছে। পুরাতন সমাজব্যবস্থা ভাঙিয়া পড়িতেছে। নতুনের বিদ্রোহ দিকে দিকে। জাতীয়জীবনের এমন কোন বিভাগ নাই যেখানে পরিবর্তনের ধাক্কা লাগে নাই। যুগ যুগ ধরিয়া পর্দার অন্তরালে অবরোধবাসিনী বাঙালী নারীর জীবনেও যুগ-চাঞ্চল্যের স্পর্শ পৌছিরাছে। বহুদিনের অভ্যস্ত জীবনযাত্রায় সেও আর শাস্তি ও তৃপ্তি পায় না। যুগের আলোকে আলোকিত দৃষ্টিতে সে ধীরে ধীরে উপলব্ধি করিতেছে তাহার নারীজীবনের অগণিত বন্ধন এবং তাহার সত্যকার স্বাধীনতার স্বপ্ন। তাই বাঙালী নারীর অন্তরে ক্রমশই অসন্তোষ ও বিদ্রোহের উপাদান পুঞ্জীভূত হইয়া উঠিয়াছে। পুরাতনকে বর্জন করিয়া অভিনব মুক্তির পথে অগ্রসর হইতে সে আজ কী ব্যাকুল প্রয়াসী।

প্রথমেই একথা মনে রাখা প্রয়োজন যে, পৃথিবীর ইতিহাসে নারী-জাগরণ অতি আধুনিক ঘটনা। মানব-সভ্যতার বিবর্তনের অন্ত কোন স্তরে ইতিপূর্বে এই আন্দোলন জন্মলাভ করে নাই। বহুবিষয়ে অগ্রগামী ইয়োরোপেও স্ত্রী-স্বাধীনতা ঊনবিংশ শতাব্দীর পূর্বে দেখা দেয় নাই। ঐতিহাসিক Riker তাঁহার A short History of Modern Europe গ্রন্থে লিখিয়াছেন যে, ১৭৮৯-এর ফরাসী বিপ্লবের আবহাওয়ায়ও ফ্রান্সে স্ত্রী-স্বাধীনতার স্বর বাঙ্কত হয় নাই। স্ত্রী-স্বাধীনতা ইয়োরোপে ঊনবিংশ শতাব্দীর শেষ কয় দশকে আরম্ভ আন্দোলন। তাহার জন্ম সাধনা ও সংগ্রাম আজিও

পাশ্চাত্যের প্রগতিশীল দেশগুলিতে সমাপ্ত হয় নাই। ভারতবর্ষের বিশেষতঃ বাংলা দেশের নারীর চেতনায় এই স্বাধীনতার স্বপ্ন স্থান লাভ করিয়াছে তাহারও বহুদিন পরে। বিংশ শতাব্দীর প্রারম্ভে বাংলা দেশে শুরু হয় গৌরবময় বংগ-বিপ্লব (১৯০৫—১৯১৪)। এই সময়ও নারীর স্বাধিকার প্রতিষ্ঠার আদর্শ সুস্পষ্টভাবে দেখা দেয় নাই, আন্দোলন শুরু হওয়া তো দূরের কথা। নারী-আন্দোলন সূক্ষ্মে স্প্রতি প্রকাশিত ‘বিপ্লবের পথে বাঙালী নারী’ বইখানি এই বিষয়ে আমাদের সাহায্য করিতে পারে। গ্রন্থকার হরিদাস মুখোপাধ্যায় (এই কলেজের ইতিহাসের ষষ্ঠ বার্ষিক শ্রেণীর ছাত্র) নবম অধ্যায়ে লিখিয়াছেন “বংগ-বিপ্লব ছিল প্রধানতঃ বা একমাত্র পুরুষের আন্দোলন। এর ভেতর জাতীয়তার অগ্নিময় ছিল,—বিদেশী সাম্রাজ্যবাদকে ভাঙবার আকাঙ্ক্ষা ছিল। কিন্তু নারী-মুক্তির কথা, নারী-জাতির আত্ম-স্বাভ্যন্তর দাবী বংগ-বিপ্লবের চিন্তাধারার ভেতর তেমনভাবে পাওয়া যায় না।” লক্ষ-প্রতিষ্ঠ ঐতিহাসিক গিরিজা-শংকর রায় চৌধুরীকেও অনুরূপ মত গোষণ করিতে দেখি। ১৩৫০ সালের পৌষের ‘উদ্বোধনে’ তিনি লিখিয়াছেন “নারী বলিতে স্বদেশী যুগে আমরা যাহাদের নিয়া ঘর করিতাম, তাঁহাদের তো তখনো বাহির করি নাই। সময় আসে নাই। বাহির করিলে জনতার পুরুষ-ভীতি তাঁহাদের হাঙ্গামাদ করিয়া তুলিত। সরলা দেবী ? তিনি একা, তিনিও তো নারী-কর্মী বা নারী-সংঘ সৃষ্টি করেন নাই। তাঁহার ব্যায়াম সমিতিতে তরুণ ছোকরারাই লাঠি খেলিত, তলোয়ার ভাজিত, বীর্যপ্ৰদ করিত। স্বদেশী-যুগে নারী কর্মী ছিল না। যা ছিল ছিটেকোটা ধর্তব্য নয়। ব্রাহ্ম মহিলারা, সম্ভবতঃ বেজায় হিন্দুনীর চোটে, আর ব্রাহ্ম নেতাদের বিনা অহুমতিতে কাছে আসিয়া ভিড়িতে ভরসা পান নাই। সরলা দেবীর প্রভাব এই ক্ষেত্রে ব্রাহ্ম মহিলাদের উপর প্রভাব বিস্তার করে নাই। তাহারা ‘সোসাইটিতে’ও নাই, ‘ক্লাবে’ও নাই, যা অছেন ঐ শুধু রবিবারের ‘সমাজে’ ব্রাহ্মমন্দিরে।”

ঐতিহাসিক দৃষ্টিতে বাংলা দেশে নারী-আন্দোলনের প্রাথমিক সূত্রপাত প্রথম বিশ্ব-যুদ্ধের (১৯১৪—১৮) পরবর্তী কাল হইতে। তাহার পর আজ ১৯৪৬-এর ভিতর প্রায় তিন দশক সময় অতিক্রান্ত। বংগনারীর কর্ম-শক্তি ও কর্ম-প্রতিভার যা-কিছু উদ্বোধন ও স্ফুরণ, তাহার জগৎকথা এই নাতিদীর্ঘ সময়ের ভিতরই সীমাবদ্ধ। প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তীযুগে বাংলার মধ্যবিত্ত শ্রেণীর ঘরে ঘরে আর্থিক সংকট ক্রমশই প্রবলভাবে দেখা দিতে থাকে। প্রাগযুদ্ধযুগের (১৯১৪—১৮) নির্দিষ্ট স্বল্প আয়ে পরিবার-প্রতিপালন কঠিনতর হইয়া দেখা দিল। আর্থিক অভাব ও অনটন পারিবারিক জীবনে নিয়া আসিল অস্বচ্ছন্দ্য ও চাঞ্চল্য। বাংলার পুরাতন যৌথ-পরিবার প্রথা বহু পূর্ব হইতে ক্রমশই দুর্বল হইয়া পড়িতেছিল। যুদ্ধোত্তর যুগের এই

অভিনব চাঞ্চল্য তাহার পরিবার বন্ধন আরও শিথিল করিয়া দিল। মেয়েদের উপর আর্থিক ক্ষেত্রে প্রবেশের ডাক আসিল। যুগের যখন ডাক আসে মানুষ তখন তাহাতে সাড়া না দিয়া পারে না। যেখানে যুগের দাবীতে সাড়ার অভাব সেখানে জীবনেরও অবসান। যুগের আর্থিক দাবীতে বাঙালী মেয়েরা যুদ্ধোত্তর যুগে অর্থাৎ ১৯১৪-১৮-এর পরবর্তী যুগে সাড়া না দিয়া পারিল না। ক্ষুদ্র গৃহের প্রাচীরকে লঙ্ঘন করিয়া আর্থিক ক্ষেত্রে বাঙালী মেয়েরা দলে দলে প্রবেশ করিতে লাগিল। আর্থিক দুনিয়ার স্বাধীনতা অর্জনের ফলে এবং বহির্জগতে চলাফেরার পরিণামে তাহাদের চেতনাও বিবর্তিত হইতে লাগিল। এই অভিনব চেতনায় নারীরা পুরাতন পারিবারিক জীবনের অসারতাও উপলব্ধি করিতে লাগিল। মানুষের মত সহজ গৌরবে পৃথিবীতে বাঁচিবার নারীরও জন্মগত অধিকার;—এই আদর্শের প্রেরণায় তাহারাও স্রুজ করিল স্বাধিকার প্রতিষ্ঠার আন্দোলন। শিক্ষা-বিস্তার এবং অত্যন্ত আনুসংগিক উপাদান নানাদিক হইতে এই আন্দোলনকে শক্তিশালী করিয়া তুলিতেছে। গান্ধীজীর অসহযোগ আন্দোলনের সময় নারীকর্মীদের ত্যাগস্বীকার ও কারাবরণ নারীর অধিকার-সাম্ব্যের আন্দোলনকে এক প্রচণ্ড মর্যাদা দান করিয়াছে।

তাহার পর আসিল দ্বিতীয় বিশ্বযুদ্ধ (১৯৩৯-৪৫)। যুদ্ধ-ঘোষণার সংগে সংগে পৃথিবীর সকল দেশে সামরিক ও বেসামরিক কাজকর্ম বৃদ্ধি পাইল অভাবনীয়রূপে। ভারতবর্ষ ও বাংলা দেশের জীবনেও দেখা দিল একই ধারা। যুদ্ধকালীন আবহাওয়া বাংলার ঘরে ঘরে নিয়া আসিল প্রবল আর্থিক দুর্যোগ। আবার অন্তর্দিকে নারীদের সম্মুখে নানা বিভাগে অব্যবহৃত হইল চাকরীর রুদ্ধ দুয়ার। সহস্র সহস্র নারী কর্ম গ্রহণ করিল বিভিন্ন আপিসে, কারখানায় ও প্রতিষ্ঠানে। আর্থিকক্ষেত্রে বাঙালী নারীদের ব্যাপক স্বাধীনতা-লাভ এই দ্বিতীয় মহাযুদ্ধের ফলে সংঘটিত হইয়াছে। এই আর্থিক স্বাধীনতা লাভের ফলেই নারী-স্বাধীনতার আন্দোলন আজ এদেশে বেশ উল্লেখযোগ্য আকার ধারণ করিয়াছে। যদিও মধ্যবিত্ত শ্রেণীর শিক্ষিতা মেয়েদের ভিতর এই আন্দোলন আজিও সীমাবদ্ধ, তথাপি নতুন সামাজিক শক্তির গুরুত্ব অস্বীকার করিবার উপায় নাই। আজ বাঙালী মেয়েদের কাজকর্ম জীবনের বহু বিভাগে বিস্তৃত। শিক্ষা-কার্যে, সংবাদপত্র-পরিচালনায়, কুটীর শিল্পে, চিকিৎসাবিজ্ঞায়, রাজনৈতিক চেতনায়, অভিনয়ে, সামাজিক তর্কবিতর্কে, সাহিত্য রচনায় তাহাদের কৃতিত্ব উল্লেখযোগ্য মূর্তিতে দেখা যাইতেছে। পুরাতনের অভ্যস্ত পথকে বর্জন করিয়া তাহারা দ্রুতবেগে নতুনের সন্ধানে অগ্রসর হইতেছে। সমাজ-সচেতন দ্রষ্টার চোখে বাঙালী মেয়েরা সত্যিই বর্তমানে এক বিরাট পরিবর্তনের মুখে। মনে হয়, অনেকটা অজ্ঞাতসারেই তাহাদের জীবনে এক বিপ্লব সংঘটিত হইবার আয়োজন চলিয়াছে।

আজ পরিবর্তনের পথে বাঙালী মেয়েরা থাকিলেও একথা অস্বীকার করিবার উপায় নাই যে যাত্রীদের অনেকেই সচেতন পথিক নয়। তাই দেখা যায় বহুবিষয়ে অগ্রগামী হইয়াও অনেকেই যুগের যথার্থ প্রাণশক্তি উপলব্ধি করিতে পারিতেছে না। অনেকে আবার নতুনকে চাহিয়াও নতুনকে গ্রহণ করিতে অক্ষম। আবার অনেকে বিকৃত বুদ্ধিতে অন্ধের মতো পরিবর্তনের পথে ছুটিয়াছে। তাহারাও অবশ্য নতুনের জয়যাত্রায় সহায়তায়ই করিতেছেন, তবে অজ্ঞাতসারে। আজ প্রত্যেক মেয়ের প্রয়োজন অমুসন্ধানী দৃষ্টি লইয়া জীবন ও জগৎকে পর্য্যবেক্ষণ করা ও সামাজিক শক্তিগুলিকে বিশ্লেষণ করা। পরিবর্তনশীল সমাজের ভিতর হইতে প্রগতিশীল শক্তিগুলিকে বিচক্ষণ-ভাবে বাছিয়া লইয়া তাহাদের একত্র ও সংগঠন করাই প্রত্যেক উন্নতিকামী নারীর আজ অতিপ্রধান কর্তব্য। এই কর্তব্য সম্পাদনে পরাশ্রয় হইলে নতুন সমাজ-গঠনের মংগল-উষার আবির্ভাব এখনো সূদূর ভবিষ্যতে।

পুস্তক পরিচয়

“অনুবাদ চতুষ্টয়”—শ্রীআশুতোষ চট্টোপাধ্যায় (চক্রবর্তী চ্যাটার্জি এ্যাণ্ড কোং লিঃ, কলিকাতা, পৃষ্ঠা ৪৪, মূল্য ৥০)।

পুস্তিকাখনি সম্প্রতি আমরা সমালোচনার্থে পেয়েছি। লেখক শ্রীআশুতোষ চট্টোপাধ্যায় গৌহাটী কটন কলেজের ইংরাজী সাহিত্যের প্রাক্তন অধ্যাপক। অধ্যাপনা থেকে অবসর গ্রহণান্তেও চট্টোপাধ্যায় মহাশয় তাঁর সাহিত্যচর্চা অক্ষুণ্ণ রেখেছেন। ইতিমধ্যেই তাঁর দু'চারটি লেখা প্রকাশিত হয়েছে। আলোচ্য পুস্তিকাখনি চারটি বিখ্যাত ইংরাজী কবিতার পদ্যানুবাদের সমাবেশ; এই চারটি কবিতা যথাক্রমে— Robert Browning এর *Andrea del Sarto*, *The Epistle of Karshish* ও *A Grammarian's Funeral* এবং Francis Thompson এর *The Hound of Heaven*। কবিতা চারটির কোনটিরই অনুবাদ সহজসাধ্য নয়। মূলের ছন্দ বা প্রকাশভঙ্গী বা ধ্বনিসম্ভার অনুবাদে বজায় রাখা অবশ্যই সম্ভবপর হয়নি। তবে ভাবানুবাদ হিসেবে অনুবাদগুলি সার্থক হয়েছে, এবং অনুবাদক তাঁর মুখবন্ধে ভাবানুবাদেরই কথা বলেছেন। পাঠকের সাহায্যার্থে প্রতিটি অনুবাদের সঙ্গে কবি ও কবিতার সংক্ষিপ্ত পরিচয় আছে। অনুবাদগুলির সাহায্যে ইংরাজ-অনভিজ্ঞ বাঙালী পাঠকের পক্ষে চারটি নামকরা ইংরাজী কবিতার পরিচয় লাভের সুযোগ হবে। ইংরাজী-অনভিজ্ঞ বাঙালী পাঠকের জন্য এইরূপ সুযোগের সৃষ্টির অবকাশ বাংলাসাহিত্যে যথেষ্ট আছে। যে ইংরাজী সাহিত্যের আওতায় আধুনিক বাংলা সাহিত্য গড়ে উঠেছে তাঁর প্রসিদ্ধ রচনাসমূহের ভাল বাংলা অনুবাদ কিন্তু বিরল। এই অভাব পূরণের দিক থেকে চট্টোপাধ্যায় মহাশয়ের কাছ হ'তে আরও কিছু প্রচেষ্টার আশা আমরা করি।

PRINTED AND PUBLISHED BY
P. C. CHATTERJEE AT THE MODERN ART PRESS,
1/2, DURGA PITURI LANE CALCUTTA.

*'Never has anything been accomplished
in the world without enthusiasm.'*

—Kant

